দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০২ জুলাই ২০২৬ ॥ ১৭ মহররম ১৪৪৮ ॥ ১৭ আষাঢ় ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

বরিশাল শিক্ষাবোর্ডে পরীক্ষার্থী সাড়ে ৫৮ হাজার
আজ শুরু এইচএসসি পরীক্ষা

কীর্তনখোলা ডেস্ক

এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছে আজ বৃহস্পতিবার (২ জুলাই)। প্রথম দিনে দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে বাংলা প্রথমপত্র ২ এর পাতায় দেখুন

সরকার ন্যায়বিচার মানবাধিকার ও সুশাসন প্রতিষ্ঠাকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে

কীর্তনখোলা ডেস্ক

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেন, সংবিধানের প্রাধান্য, আইনের শাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠা একটি গণতান্ত্রিক রাষ্ট্রের ২ এর পাতায় দেখুন

সীমান্ত পাহারার চেয়েও এখন বেশি জরুরি সাইবার নিরাপত্তা

কীর্তনখোলা ডেস্ক

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, আধুনিক যুগে নিরাপত্তার সনাতন ধারণা গুণগতভাবেই পরিবর্তিত হয়ে ২ এর পাতায় দেখুন

আমরা বলেছি সরকারি সুবিধা না নেওয়ার চেষ্টা করবো, তবে কেউ নিলে অপরাধ নয়

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, 'নির্বাচনের সময় দেশবাসীর ২ এর পাতায় দেখুন

এখনো জুলাইয়ের আকাঙ্ক্ষার বাংলাদেশ পাইনি

কীর্তনখোলা ডেস্ক

জুলাই আন্দোলনের প্রায় দুই বছর পরেও জুলাইয়ের আকাঙ্ক্ষার বাংলাদেশ পাননি বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় ২ এর পাতায় দেখুন

বরিশালে উদ্বেগজনক হারে বাড়ছে অনলাইন জুয়ার বিস্তার

কীর্তনখোলা রিপোর্ট

ফুটবল বিশ্বকাপের উন্মাদনায় যখন দেশজুড়ে কোটি মানুষের চোখ মাঠের খেলায়, তখন এর আড়ালে বরিশালে উদ্বেগজনক হারে বাড়ছে অনলাইন জুয়ার আসক্তি। সহজে অর্থ উপার্জনের প্রলোভনে নতুন নতুন কিশোর-তরুণ জড়িয়ে পড়ছে অনলাইন বাজিতে। সর্বস্ব হারিয়ে অনেকেই মাদকাসক্ত হয়ে পড়ছে, শেষ পর্যন্ত পরিবারের উদ্যোগে ঠাঁই হচ্ছে মাদক নিরাময় কেন্দ্রে। বরিশালের বিভিন্ন মাদক নিরাময় কেন্দ্রের তথ্য অনুযায়ী, চলতি মাসেই অনলাইন জুয়ার কারণে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে পরবর্তীতে মাদকাসক্ত হয়ে পড়া ১২৩ জন তরুণকে জেলার ছয়টি নিরাময় কেন্দ্রে ভর্তি করেছে তাদের পরিবার। বরিশাল নগরীর এক তরুণ (ছদ্মনাম সাকিবুল ইসলাম) জানান, রাজধানীর শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ থেকে এইচএসসি পাস করার পর দূরসম্পর্কের এক আত্মীয়ের মাধ্যমে অনলাইন জুয়ার সঙ্গে তার পরিচয় হয়। প্রথমে

৫০০ টাকা জমা দিয়ে কয়েক হাজার টাকা জেতায় তার আগ্রহ তৈরি হয়। পরে ধীরে ধীরে আসক্ত হয়ে গত দুই মাসে প্রায় দেড় থেকে দুই লাখ টাকা হারান। তিনি বলেন, প্রথমে লাভ হওয়ায় মনে হয়েছিল সহজেই টাকা আয় করা যায়। পরে একসময় জুয়া নেশায় পরিণত হয়। ইয়াবা ও গাঁজা সেবনের পাশাপাশি অনলাইন জুয়ায় ঘণ্টার পর ঘণ্টা সময় কাটাতে শুরু করি। বিশ্বকাপ এলেই নতুন করে অনেক তরুণ এই জুয়ার ফাঁদে জড়িয়ে পড়ে। একই নিরাময় কেন্দ্রে চিকিৎসাধীন আরেক তরুণ নাম প্রকাশ না করার শর্তে বলেন, অনলাইন জুয়ার কারণে নিজের ও পরিবারের বড় ধরনের ক্ষতি হয়েছে তার। পরে বিষয়টি পরিবারের কাছে স্বীকার করলে তারা তাকে চিকিৎসার জন্য নিরাময় কেন্দ্রে ভর্তি করেন। স্বাভাবিক জীবনে ফিরে আসার প্রত্যাশা ব্যক্ত করেন তিনি। বাবুগঞ্জ উপজেলার এক যুবক (ছদ্মনাম শরিফুল) অকপটেই বলেন, বিশ্বকাপ উপলক্ষ্যে অনলাইন জুয়ায় জড়িয়ে ২ এর পাতায় দেখুন

দেশে আরও নতুন ৩ উপজেলা ও ১ থানার অনুমোদন

কীর্তনখোলা ডেস্ক

নতুন তিনটি উপজেলা এবং একটি নতুন থানা গঠনের প্রস্তাব অনুমোদন দিয়েছে প্রশাসনিক পুনর্বিন্যাস-সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)। নতুন উপজেলা তিনটি হলো চট্টগ্রামের 'ফটিকছড়ি উত্তর', কুমিল্লার 'বাঙ্গরা' এবং ময়মনসিংহের 'দক্ষিণ গফরগাঁও।' এ ছাড়া চট্টগ্রামের হাটহাজারী থানাকে বিভক্ত করে 'হালদা' নামে একটি নতুন থানা গঠনের অনুমোদন দেওয়া হয়েছে। মঙ্গলবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে নিকারএর ১২১তম বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। নিকার প্রস্তাব ও সিদ্ধান্ত অনুযায়ী, চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার ৬টি ইউনিয়ন নিয়ে গঠন করা হয়েছে নতুন 'ফটিকছড়ি উত্তর' উপজেলা। কুমিল্লা জেলার বর্তমান মুরাদনগর উপজেলাকে বিভক্ত করে গঠন করা হয়েছে 'বাঙ্গরা' উপজেলা। আর ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার পাগলা ২ এর পাতায় দেখুন

বরিশালের ঐতিহ্যবাহি স্টিমারঘাট জামে মসজিদের খতিব আলহাজ্ব হযরত মাওলানা শরফুদ্দিন বেগের নামাজে জানাযা অনুষ্ঠিত -কীর্তনখোলা

বাবা ও চাচাতো ভাইয়ের পিটুনিতে যুবক নিহত

আমতলী প্রতিনিধি

পটুয়াখালীর সদর উপজেলার মরিচবুনিয়া ইউনিয়নের বাজারগোনা এলাকায় রিপন কাজী (৩৫) নামের এক যুবককে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। জমি ও পারিবারিক বিরোধের জেরে এই ঘটনা ঘটেছে বলে দাবি করেছেন নিহত ব্যক্তির স্বজনেরা। তাঁদের অভিযোগ, এই ঘটনায় নিহত ব্যক্তির বাবা মিজানুর কাজীসহ পাঁচজন জড়িত। মঙ্গলবার (৩০ জুন) রাত প্রায় ১১টার দিকে সদর উপজেলার মহিষকাটা বাজারের উত্তর পাশে বাজারগোনা এলাকায় এই ঘটনা ঘটে। নিহত ও অভিযুক্ত ব্যক্তিদের বাড়ি বরগুনার আমতলী

উপজেলার গুলিশাখালী ইউনিয়নে। নিহত ব্যক্তির বোন রাহিমা বেগমের অভিযোগ, পারিবারিক বিরোধের জেরে তাঁর বাবা ও চাচাতো ভাইয়েরা রিপন কাজীর ওপর হামলা চালান। গুরুতর আহত অবস্থায় রিপনকে উদ্ধার করে পটুয়াখালী সদর হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। এই ঘটনার সুষ্ঠু বিচার দাবি জানান রাহিমা। নিহত ব্যক্তির ভাই রাব্বি কাজী বলেন, পারিবারিক জমি বিক্রি নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। এ নিয়ে পরিবারের সদস্যদের মধ্যে দ্বন্দ্ব ছিল। ২ এর পাতায় দেখুন

মাদ্রাসাছাত্রকে হাত-পা বেঁধে পেটালেন তিন শিক্ষক ৫ হাজার টাকায় মীমাংসা

জিয়ানগর প্রতিনিধি

পিরোজপুরের জিয়ানগর উপজেলায় একটি হেফজ মাদ্রাসায় ১১ বছর বয়সী এক ছাত্রকে হাত-পা বেঁধে বেত্রাঘাত করার অভিযোগ উঠেছে তিন শিক্ষকের বিরুদ্ধে। পরে স্থানীয়ভাবে সালিশ বৈঠকের মাধ্যমে বিষয়টি মীমাংসা করা হয় এবং শিশুটির চিকিৎসা খরচ হিসেবে ৫ হাজার টাকা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। তবে অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা না নেওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন ভুক্তভোগীর পরিবার। ভুক্তভোগী শিক্ষার্থী জুলহাস সরদার (১১) জিয়ানগরের পত্তাশী গ্রামের মিরাজ সরদারের ছেলে। সে পত্তাশী দারুল উলুম নেছার উদ্দিন মাদ্রাসার হেফজ বিভাগে প্রায় দুই বছর ধরে অধ্যয়ন করছে। অভিযোগ অনুযায়ী, সহপাঠীদের সঙ্গে 'খারাপ আচরণ' করার অভিযোগে এক সপ্তাহ আগে মাদ্রাসার একটি কক্ষে তাকে হাত-পা বেঁধে বেত দিয়ে পেটানো হয়। এতে মাদ্রাসার ২ এর পাতায় দেখুন

প্রকাশক ও সম্পাদক পরিষদের মতবিনিময় সভা
মাদক ও যানজট নিরসনে সবার সহযোগিতা চাইলেন পুলিশ কমিশনার আশিক সাঈদ

কীর্তনখোলা রিপোর্ট

গতকাল দুপুরে বরিশাল মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স সম্মেলন কক্ষে সংবাদপত্র প্রকাশক ও সম্পাদক পরিষদ, বরিশালের নেতৃবৃন্দের সাথে পুলিশ কমিশনারের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার প্রারম্ভে বরিশাল সংবাদপত্র প্রকাশক ও সম্পাদক পরিষদের নেতৃবৃন্দ পুলিশ কমিশনার মোঃ আশিক সাঈদকে ফুলেল শুভেচ্ছা জানান। মতবিনিময় সভায় পুলিশ কমিশনার বলেন, "নগরবাসীর নিরাপত্তা নিশ্চিতকরণসহ বিশেষকরে মাদক নির্মূল, কিশোর গ্যাং প্রতিরোধ এবং মহানগরের ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়ন ও যানজট নিরসনে সকলের সহযোগিতা ও পরামর্শ কামনা করছি।" তিনি আরও বলেন, " আমাদের মূল লক্ষ্য নগরবাসীকে একটি নিরাপদ ও স্বস্তিদায়ক পরিবেশ উপহার দেওয়া। বিশেষ করে মাদক, অনলাইন জুয়া এবং কিশোর গ্যাংয়ের বিরুদ্ধে যোগদানের শুরু থেকেই আমি 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করেছি ২ এর পাতায় দেখুন

দু'গ্রুপের সংঘর্ষে যুবক নিহতের ঘটনায় ঢাকা-বরিশাল মহাসড়ক অবরোধ

কীর্তনখোলা ডেস্ক

ফরিদপুরের ভাঙ্গা হাইওয়ে এক্সপ্রেসওয়েতে দুই গ্রামবাসীর মধ্যে সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে সুমন শেখ (২০) নামের এক যুবক নিহত হয়েছেন। এ ঘটনায় মঙ্গলবার (৩০ জুন) রাতভর পুলিশ অভিযান চালিয়ে ১৭ জনকে আটকের পর বুধবার (১ জুলাই) দুপুরে তাদেরকে জেলহাজতে প্রেরণ করা হয়। এদিকে, সুমন হত্যার বিচার দাবিতে বুধবার ঢাকা-বরিশাল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন স্থানীয়রা। নিহত সুমন বাড়ি ভাঙ্গা পৌরসভার ৯নং ওয়ার্ড কাপুড়িয়া সদরদী গ্রামের বাসিন্দা। নিহত সুমনের মা সামেলা বেগম জানান, আমার ছেলে সুমনকে সজীব মাতুব্বর, আইয়ুব মাতুব্বরসহ যারা হত্যা করেছে আমি তাদের ফাঁসি চাই। সন্তানের জামা, কাপড়, জুতা, স্যান্ডেল বুকে জড়িয়ে বিলাপ করতে করতে এসব কথা বলেন তিনি। ২ এর পাতায় দেখুন

হত্যাচেষ্টা মামলায় সাবেক এমপি জেবুন্নেসা গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

জুলাই আন্দোলনের সময় যমুনা ফিউচার পার্ক এলাকায় রবিউল ইসলাম নামে এক ব্যবসায়ীকে হত্যাচেষ্টার মামলায় বরিশাল-৫ আসনের সাবেক সংসদ সদস্য জেবুন্নেসা আফরোজকে গ্রেপ্তার দেখিয়েছে আদালত। তদন্ত কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ এহসানুল ইসলাম এ আদেশ দেন। প্রসিকিউশন পুলিশের এসআই কামাল হোসেন এ তথ্য জানিয়েছেন। গত ২৮ জুন মামলার তদন্ত কর্মকর্তা ভাটারা থানার এসআই রিফাত আল আফসানী তাকে ২ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি হাইকোর্টে খালাস

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠিতে ২০১৪ সালে নাসির উদ্দিন হত্যা মামলায় বিচারিক আদালতের দেওয়া পারুল বেগমের যাবজ্জীবন কারাদণ্ড এবং তার সঙ্গে পরকীয়া সম্পর্কে জড়িত বলে অভিযুক্ত খোকন হাওলাদারের মৃত্যুদণ্ড বাতিল করে দুজনকেই খালাস দিয়েছেন হাইকোর্ট। ডেথ রেফারেন্স খারিজ এবং আসামিদের আপিল মঞ্জুর করে বুধবার (১ জুলাই) বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর এবং বিচারপতি মো. নুরুল ইসলামের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই রায় দেন। আদালতে আসামিপক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। মামলার নথি অনুযায়ী, ২০১৪ সালের ৬ ফেব্রুয়ারি মধ্যরাতে ২ এর পাতায় দেখুন

বরিশালে 'দুর্নীতি প্রতিরোধে করণীয়' শীর্ষক মতবিনিময়

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলায় 'দুর্নীতি প্রতিরোধে করণীয়' শীর্ষক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুর সাড়ে ১২টায় দুর্নীতি দমন কমিশনের আয়োজনে বরিশাল সার্কিট হাউসের সভাকক্ষে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কমিশনের সচিব মোহাম্মদ খালেদ রহীম। প্রধান অতিথি বলেন, দুর্নীতি দমন কমিশন সরকারের দুর্নীতির বিরুদ্ধে যে অঙ্গীকার রয়েছে তা বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করছে। সকল মামলার গুনাগুন বিচার করে ন্যায় বিচারের স্বার্থে প্রয়োজন অনুযায়ী তদন্ত অনুসন্ধান প্রক্রিয়া চালানো হচ্ছে। আমরা সেই অঙ্গীকার রক্ষায় কাজ করে যাচ্ছি। তিনি বলেন, দমনমূলক কাজের জন্য আইন-শৃঙ্খলা বাহিনী ও আদালত রয়েছে। প্রতিরোধমূলক কাজগুলোতে অনেক বেশি জনসম্পৃক্ততা দরকার। তাই আমরা বিভিন্ন জেলা ও উপজেলায় যেসব শিক্ষিত ব্যক্তিগণ আছেন এবং যারা অবিতর্কিত অবস্থানে রয়েছেন তাদের মাধ্যমে কমিটি করছি। এই কমিটির মাধ্যমে ২ এর পাতায় দেখুন

বিসিএসে আবারও সাফল্যের স্বাক্ষর গুচ্ছের শীর্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়

কীর্তনখোলা রিপোর্ট

৪৭তম বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) পরীক্ষার চূড়ান্ত ফলাফলে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সর্বোচ্চ সংখ্যক ক্যাডার সুপারিশপ্রাপ্তির গৌরব অর্জন করেছে বরিশাল বিশ্ববিদ্যালয় (ববি)। বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) প্রকাশিত ফলাফলে বিশ্ববিদ্যালয়টির ১৫ জন শিক্ষার্থী বিভিন্ন ক্যাডারে সাময়িকভাবে সুপারিশপ্রাপ্ত হয়েছেন। গত রোববার (২৮ জুন) প্রকাশিত ৪৭তম বিসিএসের চূড়ান্ত ফলাফলে বিভিন্ন ক্যাডারে ১ হাজার ৩২০ জন এবং নন-ক্যাডার পদে ২০১ জনসহ মোট ১ হাজার ৫২১ জনকে নিয়োগের জন্য সুপারিশ করেছে পিএসসি। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, বরিশাল বিশ্ববিদ্যালয় থেকে সুপারিশপ্রাপ্তরা হলেন মো. মনিরুজ্জামান হাসান (পররাষ্ট্র ক্যাডার, রাষ্ট্রবিজ্ঞান), নাহিদ ২ এর পাতায় দেখুন



দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দুর্ভোগ কমাতে হবে

জাতীয় পরিচয়পত্র বা এনআইডি এখন নানা জরুরি কাজে ব্যবহৃত হয়। ব্যাংক অ্যাকাউন্ট খোলা, পাসপোর্ট তৈরি, জমি কেনাবেচা, সরকারি ভাতা গ্রহণ থেকে শুরু করে মোবাইল সিম কার্ড কেনা পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে এনআইডি অপরিহার্য। কিন্তু পরিতাপের বিষয় হলো, কোটি কোটি নাগরিকের এই গুরুত্বপূর্ণ সনদে রয়ে গেছে অসংখ্য তথ্যবিভ্রাট। আর এই ভুলের খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। একটি তথ্য সংশোধন করতে গেলে নাগরিকদের মাসের পর মাস, বছরের পর বছর দুর্ভোগ পোহাতে হয়। এ ছাড়া রয়েছে দালালচক্রের দৌরাত্ম্য। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে সংশ্লিষ্ট কর্মকর্তারাও মোটা অঙ্কের ঘুষ দাবি করেন। খবরে জানা গেছে, এনআইডিতে একটি ভুল তথ্য সংশোধন করতে গিয়ে এক ব্রিটিশ-বাংলাদেশির পাঁচ বছর লেগেছে। ভুক্তভোগী সাবুল মিয়া এক-দুবার নয়, মোট চারবার আবেদন করেছেন। প্রতিবারই নতুন নতুন নথিপত্র চাওয়া হয়েছে। বারবার আশ্বাস দেওয়া হয়েছে, 'কাজ হয়ে যাবে'; কিন্তু কাজ হয়নি। এ জন্য তাঁকে বারবার যুক্তরাজ্য থেকে বাংলাদেশে ছোটাছুটি করতে হয়েছে। অথচ তাঁর এনআইডিতে ভুল ছিল মাত্র একটি। তাঁর প্রকৃত বয়স ৮৭, কিন্তু এনআইডিতে লেখা হয় ৭৮। এতে তাঁর বয়স ৯ বছর কমে যায়। এই ভুল সংশোধনের জন্য তিনি প্রথমে যান সিলেট আঞ্চলিক নির্বাচন কার্যালয়ে। সেখানেই তাঁকে পাঁচ বছর নাকানিচুবানি খেতে হয়েছে। অবশেষে চলতি বছর ২৪ মে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে তাঁর কাজ সম্পন্ন হয়। খোঁজ নিলে দেখা যাবে, সাবুল মিয়ার মতো তিক্ত অভিজ্ঞতা অনেকেরই। এখন ডিজিটাল যুগ। নানা ক্ষেত্রে আগের তুলনায় গতি এসেছে। সঠিক তথ্য যাচাই-বাছাইয়ের অনেক সুযোগ তৈরি হয়েছে। এই সময়ে এসে জাতীয় নাগরিকত্ব সনদ সংশোধনের প্রক্রিয়ায় এত অব্যবস্থাপনা, এত মন্থরগতি মেনে নেওয়া যায় না। এনআইডি সংশোধনের পুরো প্রক্রিয়াকে আরো সহজ, স্বচ্ছ এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা এখন সময়ের দাবি। ভুলের ধরন অনুযায়ী ক্যাটাগরি ভাগ করে একটি নির্দিষ্ট সময়সীমা ১৫ বা ৩০ দিন বেঁধে দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করতে কর্মকর্তারা বাধ্য থাকবেন। ওয়াকিফহাল মহলের অভিমত, এমন পদক্ষেপ ছাড়া সাধারণ মানুষের ভোগান্তি কমবে না। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং জাতীয় পরিচয়পত্র সংশোধনে একটি কার্যকর ও নাগরিকবান্ধব ব্যবস্থা গড়ে তুলবে।

এখনো জুলাইয়ের আকাঙ্ক্ষার

চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। বুধবার রাজধানীর রায়েরবাজারে জুলাইয়ের শহীদদের গণকবর জিয়ারত শেষে উপস্থিত গণমাধ্যমকর্মীদের এ কথা বলেন তিনি। নাহিদ ইসলাম বলেন, 'জুলাই গণ-অভ্যুত্থানের দুই বছর হয়েছে। আমরা জুলাই গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়ে বলেছিলাম, জুলাই গণহত্যার বিচার ও সংস্কারের মাধ্যমে আমরা একটা বৈষম্যহীন গণতান্ত্রিক নতুন বাংলাদেশ করতে চাই। সেই বাংলাদেশ, আমাদের আকাঙ্ক্ষিত বাংলাদেশ, আমরা এখনো পাইনি।' হাসানুল হক ইনুর রায়ে অসন্তোষ প্রকাশ করে নাহিদ বলেন, 'আপনারা জানেন, গতকালকে ট্রাইব্যুনালের একটি বিচারের রায় এসেছে, কিন্তু দুঃখজনকভাবে সেই রায় বাংলাদেশের জনগণকে সন্তুষ্ট করতে পারেনি এবং আমরা মনে করি, সেই রায়ের মাধ্যমে আমরা যারা জুলাই গণ-অভ্যুত্থানে অংশ নিয়েছিলাম, যারা শহীদ পরিবার, যারা আহত যোদ্ধা রয়েছে, তারা কোনো ন্যায়বিচার পায়নি।' নাহিদ বলেন, 'হাসানুল হক ইনু জুলাই গণ-অভ্যুত্থানে প্রত্যক্ষভাবে গণহত্যায় মদদ জুগিয়েছিলেন। গণহত্যার যে সিদ্ধান্ত ছিল, শেখ হাসিনা, যিনি প্রধান সিদ্ধান্তকারী ছিলেন, তাঁকে সর্বাত্মকভাবে সহযোগিতা করেছেন। ফলে, আমরা মনে করি...এটা যথেষ্ট নয়। আমাদের আবেদন থাকবে রাষ্ট্রপক্ষ যাতে এটা আপিল করে এবং আমরা তার কঠোর থেকে কঠোরতর বিচার প্রত্যাশা করছি।' ফ্যাসিস্ট শেখ হাসিনাকে দেশে এনে দ্রুত সাজা কার্যকরের দাবি জানান নাহিদ ইসলাম।? তিনি বলেন, 'আমরা আশা করব যে, শেখ হাসিনাসহ জুলাই গণহত্যাকারী এবং ওসমান হাদির হত্যাকারী যারা ভারতে পালিয়ে রয়েছে, তাদের দেশে এনে বিচারের কাঠগড়ায় দাঁড় করানো হবে।' বিরোধীদলীয় চিফ হুইপ বলেন, 'আমরা দেখলাম, এই নির্বাচনের যে গণভোট এবং নির্বাচনের অন্যতম কমিটমেন্ট ছিল কাঠামোগত সংস্কার, বৈষম্যহীন বাংলাদেশ; আমরা এই সংস্কার এখনো পাইনি। ফলে, এবারের জুলাই গণ-অভ্যুত্থান উদ্?যাপন, সেটার বার্ষিকী পালনে আমাদের অন্যতম মটো হচ্ছে গণহত্যার বিচার এবং সংস্কার বাস্তবায়ন।' নামসর্বস্ব জুলাই উদ্?যাপন না করে জুলাইয়ের আকাঙ্ক্ষিত সংস্কার বাস্তবায়নের দাবি জানিয়ে নাহিদ বলেন, 'আমরা সরকারের প্রতি আহ্বান জানাচ্ছি, শুধু নামকাওয়াস্তে জুলাই গণ-অভ্যুত্থান পালন করলে হবে না। জুলাই গণ-অভ্যুত্থানের যে আকাঙ্ক্ষা সংস্কার বাস্তবায়ন, গণভোটের রায় বাস্তবায়ন করে সরকারকে প্রমাণ করতে হবে সরকার জুলাই গণ-অভ্যুত্থানের পক্ষে আছে, জুলাই গণ-অভ্যুত্থানের সঙ্গে আছে।' নাহিদ ইসলাম আরও বলেন, জুলাই গণ-অভ্যুত্থান জাতীয় জাদুঘর যেটা, সে জাদুঘর খুলে দেওয়া হচ্ছে না। ৫ আগস্টের মধ্যে জুলাই জাতীয় জাদুঘর খুলে দিতে হবে, না হলে জনগণ নিজেরাই সেই জাদুঘর কিন্তু খুলে নেবে এবং নিজেরাই সেই জাদুঘরে যাওয়ার ব্যবস্থা করবে।

আমরা বলেছি সরকারি সুবিধা

সামনে বলেছিলাম সরকারি সুযোগ সুবিধা যতটা না নিলে না হয় আমরা চেষ্টা করবো। কিন্তু কেউ যদি এটা নিতে চায় এখানে কোনো অপরাধ নাই। তা আমরা সেটা রক্ষা করে চলার চেষ্টা করছি।' বুধবার (১ জুলাই) জাতীয় সংসদের এলডি হলে সাংবাদিকদের সঙ্গে বাজেট পরবর্তী মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। জামায়াতের আমির বলেন, 'আমরা নির্বাচনের সময় দেশবাসীর সামনে ওয়াদা করেছিলাম, আমাদের কেউ নির্বাচিত হলে এমপি হোক মন্ত্রী হোক যাই হোক আমরা বিনা ট্যাক্সের গাড়ি কিনবো না। সরকারি কোনো প্লটের সুবিধা নেবো না। কিছু বন্ধু ওই গুড়ের সঙ্গে কিছু লবণ না ছিটাইলে আরাম পায় না।' তিনি বলেন, 'আমরা যা বলেছি স্পষ্ট বলেছি, অস্পষ্ট কোনো কথা বলিনি। এখানে লাগায়ে দিছে ফ্ল্যাট নিবো না, এখন সরকারি ফ্ল্যাট এমপিদের জন্য ডেজিগনেটেড। এটা সরকারি দায়িত্ব পালনের জন্য। এটা কি সরকার আমাকে দিয়ে দিচ্ছে নাকি? ওইটা যত সময় সংসদ কার্যকর থাকবে তত সময় উনি এটা ব্যবহার করবেন। সরকারি দল, বিরোধীদল সবাই ব্যবহার করবে। যখন সংসদ বিলুপ্ত হয়ে যাবে তখন আর কেউ এক সেকেন্ড এখানে থাকার কোনো নৈতিক এবং বৈধ অধিকার নাই। ছেড়ে দিতে হবে। এটাকে নিয়ে আবার বিভিন্ন ধরনের জল ঘোলা করা হয়।' এসময় প্রবাসীদের পক্ষে সবসময় জোরালো বক্তব্য রাখার প্রত্যয় ব্যক্ত করে ডা. শফিকুর রহমান বলেন, 'আমরা এই দাবি ইনশাআল্লাহ জোরালোভাবে উত্থাপন করবো সংসদে। প্রবাসীদের ভোগান্তি নিয়ে আমরা কথা বলেছি, আপনারা দেখেছেন আজ খবর পেলাম যে একদল আমার বিরুদ্ধে খেপে গেছে। আমি কেন বললাম মালয়েশিয়ায় ৮৫ হাজার টাকায় লোক পাঠাতে হবে। দালাল যারা তাদের আইনের আওতায় আনতে হবে।'

সীমান্ত পাহারার চেয়েও

গেছে। এখন কোনো বড় ব্যবসাপ্রতিষ্ঠানের সিন্দুক পাহারা দেওয়ার চেয়ে তার কম্পিউটারকে হ্যাকারমুক্ত রাখা এবং হাজার মাইলের সীমান্ত পাহারার চেয়েও সাইবার নিরাপত্তা নিশ্চিত করা অনেক বেশি জরুরি। বুধবার খিলগাঁওয়ে আনসার ও ভিডিপি সদর দপ্তরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মিডিয়া সেল 'প্রান্তিক কণ্ঠস্বর'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। 'সময়ের স্পন্দনে, আকাঙ্ক্ষা পূরণে' প্রতিপাদ্য নিয়ে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল এ এম সাজ্জাদ মাহমুদ। তথ্যমন্ত্রী বলেন, 'যুদ্ধ কেবলই সমরাস্ত্রের বিষয় নয়, যোগাযোগ কেবলই মানুষের কণ্ঠস্বর বিনিময় করা নয়। কেন্দ্রীয় ব্যাংকের তহবিল চুরির ঘটনা আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে, ডিজিটাল কারসাজির মাধ্যমে কীভাবে নিরাপত্তা বিঘ্নিত হতে পারে।' মন্ত্রী এ সময় বাহিনীর ৬০ লাখ জনবলকে প্রচলিত ধারণায় আটকে না রেখে সময়োপযোগী ও আধুনিক চিন্তার মাধ্যমে দেশের কাজে লাগানোর এই উদ্ভাবনী প্রয়াসের প্রশংসা করেন। তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ সরকারের তথ্য ব্যবস্থাপনার পরিকল্পনার একটি বড় অংশ হবে আনসার বাহিনীর তৈরি এই প্রান্তিক কণ্ঠস্বর ডিজিটাল প্ল্যাটফর্ম। অ্যানালগ ও ডিজিটাল পদ্ধতির পার্থক্য বুঝতে পেরে নতুন বাস্তবতার সঙ্গে খাপ খাইয়ে ডিজিটাল লিডারশিপ গ্রহণ করার জন্য বাহিনীর নেতৃত্বকে তিনি সাধুবাদ জানান। প্রযুক্তির চলমান পরিবর্তনের ধারাকে 'ডায়নামিক' বা গতিশীল উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, 'এই প্রযুক্তিগত বাস্তবতায় জ্ঞান ও মনোজগৎকে স্থিতিশীল রাখার কোনো সুযোগ নেই। প্রতিমুহূর্তে আমাদের চিন্তার দিক থেকে গতিশীল থাকতে হবে এবং চলমান আপগ্রেডিং সিস্টেমের মধ্যে থাকতে হবে। তা না হলে আজকে যিনি আধুনিক, আগামীকালই তিনি অচল হয়ে যেতে পারেন।' প্রান্তিক কণ্ঠস্বর প্ল্যাটফর্মটিকে অন্যান্য সরকারি দপ্তরের জন্য একটি শিক্ষণীয় দৃষ্টান্ত হিসেবে তুলে ধরার প্রত্যয় ব্যক্ত করেন তথ্যমন্ত্রী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সড়ক পরিবহন ও রেলপথ প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল সাজ্জাদ মাহমুদ।

সরকার ন্যায়বিচার মানবাধিকার

মৌলিক ভিত্তি। বর্তমান সরকার সংবিধানের আলোকে আইনের শাসন, ন্যায়বিচার, মানবাধিকার ও সুশাসন প্রতিষ্ঠাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে বিচারব্যবস্থার আধুনিকায়ন ও তথ্যপ্রযুক্তির ব্যবহার সম্প্রসারণেও বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। বিচার বিভাগ, আইনজীবী, আইনবিষয়ক সাংবাদিকসহ সংশ্লিষ্ট সব অংশীজনের সম্মিলিত প্রচেষ্টা ও আন্তরিক অংশগ্রহণ নিশ্চিত করা গেলে ন্যায়বিচার প্রাপ্তি আরও সহজ এবং ত্বরান্বিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন রাষ্ট্রপতি। বুধবার বঙ্গভবনে ল রিপোর্টার্স ফোরামের (এলআরএফ) কার্যনির্বাহী কমিটির নেতারা সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। এ সময় আইন সাংবাদিকতাকে বিচারব্যবস্থা ও জনগণের মধ্যে গুরুত্বপূর্ণ সেতুবন্ধন হিসেবে উল্লেখ করেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। রাষ্ট্রপতি বলেন, ল রিপোর্টার্সরা আদালতের কার্যক্রম ও গুরুত্বপূর্ণ রায় সম্পর্কে বস্তুনিষ্ঠ ও নির্ভুল সংবাদ দায়িত্বশীলতার সঙ্গে পরিবেশনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এ ছাড়া সহজ ভাষায় জনগণকে আইন বিষয়ে সচেতন করতে তাঁরা তাৎপর্যপূর্ণ অবদান রেখে চলেছেন। আইন সাংবাদিকতায় সর্বোচ্চ পেশাদারত্ব, নৈতিক মান, সততা ও দায়িত্বশীলতা বজায় রেখে কাজ করার জন্য ল রিপোর্টার্স ফোরামের সদস্যদের প্রতি আহ্বান জানান রাষ্ট্রপতি। একই সঙ্গে তিনি অপতথ্য, ভ্রান্ত তথ্য ও সামাজিক যোগাযোগমাধ্যমে মিথ্যাচারের চ্যালেঞ্জ মোকাবিলায় আরও সতর্ক থাকার আহ্বানও জানান। এর আগে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ল রিপোর্টার্স ফোরামের রজতজয়ন্তী উপলক্ষে প্রকাশিত বিশেষ স্মরণিকার মোড়ক উন্মোচন করেন। ফোরামের সভাপতি হাসান জাবেদ ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান ১২ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। প্রতিনিধিদলে আরও ছিলেন সংগঠনের সাবেক সভাপতি সাঈদ আহমেদ খান, সহসভাপতি আহাম্মেদ সরোয়ার হোসেন ভূঁঞা, যুগ্ম সম্পাদক আরাফাত মুন্না, অর্থ সম্পাদক মনজুর হোসাইন, সাংগঠনিক সম্পাদক এস এম নূর মোহাম্মদ, প্রচার ও প্রকাশনা সম্পাদক জাবেদ আখতার, কার্যনির্বাহী সদস্য ওয়াকিল আহমেদ হিরন, বিকাশ নারায়ণ দত্ত, হাবিবুর রহমান ও ফজলুল হক মৃধা। এ ছাড়া আয়োজনে রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব খান মো. নূরুল আমীন, রাষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলম ও রাষ্ট্রপতির সহকারী সামরিক সচিব ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ রাইসুল ইসলাম উপস্থিত ছিলেন।

বরিশালে 'দুর্নীতি প্রতিরোধে

জনসচেতনা বৃদ্ধি করাসহ নানা কাজ করা হচ্ছে। মত বিনিময় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, জেলা প্রশাসক মো. খাইরুল আলম সুমন, পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান, বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (দক্ষিণ) সুশান্ত সরকারসহ বরিশালের দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যরা।

মাদক ও যানজট নিরসনে সবার সহযোগিতা

যার সুফল ইতিমধ্যে নগরবাসী পাচ্ছে। অপরাধ নিয়ন্ত্রণে সঠিক তথ্য দিয়ে পুলিশকে সহায়তা করার জন্য আমি সকলকে আন্তরিক অনুরোধ করছি। আপনারা চাইলে নাম-ঠিকানা প্রকাশ না করেও ফোনের মাধ্যমে যেকোনো অপরাধ সংক্রান্ত তথ্য আমাকে প্রদান করতে পারবেন।"এসময় সংবাদপত্র প্রকাশক ও সম্পাদক পরিষদের নেতৃবৃন্দ মহানগরের অন্যতম প্রধান সমস্যা যানজট, ব্যাটারিচালিত অটো রিকশা, চলাচল নিয়ন্ত্রণ, মাদক, কিশোর গ্যাং প্রসঙ্গে কমিশনার দৃষ্টি আকর্ষণ করে বক্তব্য প্রদান করেন। পুলিশ কমিশনার সংশ্লিষ্ট সকল সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে এইসব সমস্যা সমাধানের ব্যাপারে দায়িত্ব পালনের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সভায় সংবাদপত্র প্রকাশক ও সম্পাদক পরিষদ বরিশালের নেতৃবৃন্দ নগরীর আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখাসহ নিরাপদ বরিশাল মহানগরী গড়তে মহানগর পুলিশের পাশে থাকার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। এ সময় আরো উপস্থিত ছিলেন উপ-পুলিশ কমিশনার (উত্তর) মোহাম্মদ ইমদাদ হুসাইন, উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) মোঃ শরফুদ্দীন, উপ-পুলিশ কমিশনার (ডিবি) পলাশ কান্তি নাথ, প্রকাশক ও সম্পাদক পরিষদ, বরিশালের সভাপতি এবং দৈনিক আজকের পরিবর্তন-এর প্রকাশক ও সম্পাদক কাজী মিরাজ মাহমুদ, সাধারণ সম্পাদক ও দৈনিক আজকের সময়ের বার্তা-এর প্রকাশক ও সম্পাদক এম. লোকমান হোসাইন, দৈনিক প্রথম সকাল-এর সম্পাদক কাজী আল মামুন, সংগঠনের উপদেষ্টা এম. এম. আমজাদ হোসেন, সহ-সভাপতি ও জাগো নারী-এর সম্পাদক গোপাল সরকার, সহ-সভাপতি ও দৈনিক আলোকিত বরিশাল-এর প্রকাশক ও সম্পাদক আলাল মিয়া, সহ-সভাপতি ও দৈনিক দেশ জনপদ-এর প্রকাশক ও সম্পাদক মীর্জা রিমন, নির্বাহী সদস্য ও আজকের পরিবর্তন-এর ভারপ্রাপ্ত সম্পাদক সালেহ টিটু, সাংগঠনিক সম্পাদক ও দৈনিক আজকের সুন্দরবন-এর সম্পাদক মুজিব ফয়সাল, প্রচার ও প্রকাশনা সম্পাদক ও দৈনিক সত্য সংবাদ এর সম্পাদক মো. রাকিবুল হাছান (ফয়সাল রাকিব), নির্বাহী সদস্য ও দৈনিক দক্ষিণবঙ্গ এর প্রকাশক ও সম্পাদক আবদুল হালিম মামুন, নির্বাহী সদস্য ও দৈনিক বরিশালের কণ্ঠ এর সম্পাদক আবুল কালাম আজাদ সহ বিএমপি'র অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং সংবাদপত্র প্রকাশক ও সম্পাদক পরিষদ বরিশালের নেতৃবৃন্দ।

মাদ্রাসাছাত্রকে হাত-পা

তিন শিক্ষক নাজিমা তালিম, সাকিব হোসেন ও ওসমান হোসেন জড়িত ছিলেন বলে অভিযোগ ওঠে। পরে বিষয়টি জানানো হলে শিশুটির চাচা জামাল সরদারকে ডেকে তাকে বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়। ঘটনার সাত দিন পর মঙ্গলবার মাদ্রাসা প্রাঙ্গণে অভিভাবকদের নিয়ে সালিশ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপজেলা জামায়াতে ইসলামীর আমীর আলী হোসেন, পত্তাশী ইউনিয়ন বিএনপির সভাপতি কবির হোসেন খান এবং মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি মো. আলমগীর হোসেন উপস্থিত ছিলেন। তবে অভিযুক্ত শিক্ষকদের বৈঠকে ডাকা হয়নি বলে জানা গেছে। সালিশে শিশুটির চিকিৎসা খরচ বাবদ ৫ হাজার টাকা দেওয়ার সিদ্ধান্ত হয়। কোনো শাস্তিমূলক ব্যবস্থা না থাকায় বিষয়টি নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন ভুক্তভোগীর পরিবার ও স্থানীয়রা। শিশুটির চাচা জামাল সরদার বলেন, 'আমার ভাতিজাকে নির্যাতনের বিষয় জানালে তারা শুধু ওষুধ খরচ দেওয়ার সিদ্ধান্ত নেয়। কোনো শিক্ষকের শাস্তি হয়নি। এলাকাবাসীর চাপে আমরা সালিশের রায় মেনে নিতে বাধ্য হয়েছি।' তবে সালিশকারীদের একজন উপজেলা জামায়াতের আমীর মাওলানা আলী হোসেন। তিনি বলেন, শিক্ষার্থী 'খারাপ কাজ' করায় তাকে শাস্তি দেওয়া হয়েছে এবং পরে বিষয়টি মীমাংসা করা হয়েছে। মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি মো. আলমগীর হোসেন জানান, ঘটনার পর বিষয়টি জানতে পেরে সভা করে সংশ্লিষ্ট শিক্ষকদের কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।

বিসিএসে আবারও সাফল্যের স্বাক্ষর

হাসান (পুলিশ ক্যাডার, অর্থনীতি), শওরাত জাহান সুমি (প্রশাসন ক্যাডার, রসায়ন), গোপাল দেবনাথ (পুলিশ ক্যাডার, লোকপ্রশাসন), তানজিল আহাদ রঞ্জু (প্রশাসন ক্যাডার, ইংরেজি), শফিকুল ইসলাম রাকিব (প্রশাসন ক্যাডার, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং), রুবেল হোসেন (শিক্ষা ক্যাডার, ইংরেজি), আব্দুল্লাহ আন নোমান (শিক্ষা ক্যাডার, রসায়ন), সৈকত খন্দকার (আনসার ক্যাডার, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং), আব্দুল্লাহ মারুফ (শিক্ষা ক্যাডার, সমাজবিজ্ঞান), সাজ্জাত এইচ. ডালিম (শিক্ষা ক্যাডার, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং), রাশেদ ইসলাম (শিক্ষা ক্যাডার, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং), শাহানা মুন্নি (অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ক্যাডার, ইংরেজি), সাজ্জাদ হোসেইন (শিক্ষা ক্যাডার, অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস) এবং আরও একজন শিক্ষার্থী বিভিন্ন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়েছেন। ফলাফল বিশ্লেষণে দেখা যায়, বরিশাল বিশ্ববিদ্যালয় থেকে প্রশাসন ক্যাডারে ৩ জন, শিক্ষা ক্যাডারে ৬ জন, পুলিশ ক্যাডারে ২ জন এবং পররাষ্ট্র, আনসার ও অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ক্যাডারে ১ জন করে সুপারিশপ্রাপ্ত হয়েছেন। এর আগে ৪৬তম বিসিএসেও বিশ্ববিদ্যালয়টির ১৬ জন শিক্ষার্থী ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত হয়েছিলেন। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী মুনতাসির রাহি বলেন, "গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সর্বোচ্চ সংখ্যক ক্যাডার সুপারিশপ্রাপ্ত হওয়া আমাদের জন্য অত্যন্ত গর্বের। এই অর্জন শুধু নির্বাচিতদের নয়, পুরো বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের। এমন সাফল্য বর্তমান শিক্ষার্থীদের আরও বড় স্বপ্ন দেখতে এবং নিজেদের লক্ষ্য অর্জনে অনুপ্রাণিত করবে।" শিক্ষার্থীদের এ অর্জনে অভিনন্দন জানিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা জানান, "সীমিত সুযোগ-সুবিধা ও নানা প্রতিকূলতার মধ্যেও বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাদের মেধা, পরিশ্রম ও অধ্যবসায়ের মাধ্যমে জাতীয় পর্যায়ের অন্যতম প্রতিযোগিতামূলক পরীক্ষায় অসাধারণ সাফল্য অর্জন করেছেন। এই অর্জন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক সক্ষমতা ও ধারাবাহিক অগ্রযাত্রার প্রতিফলন।" বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. মামুন অর রশিদ বলেন, "আমরা বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার শিক্ষার্থীদের এই গৌরবোজ্জ্বল সাফল্যে অত্যন্ত আনন্দিত। জাতীয় পর্যায়ে আবারও প্রমাণিত হয়েছে যে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণায় উত্তরোত্তর এগিয়ে যাচ্ছে।" তিনি আরও বলেন, "বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান সংকটগুলো কাটিয়ে শিক্ষার্থীদের জন্য আরও উন্নত সুযোগ-সুবিধা নিশ্চিত করা গেলে ভবিষ্যতে তারা আরও ভালো ফলাফল করবে। আমরা আশা করছি, অদূর ভবিষ্যতে এসব সীমাবদ্ধতা কাটিয়ে উঠতে সক্ষম হব।" বিভিন্ন বিশ্ববিদ্যালয় সূত্র ও গণমাধ্যমের তথ্য বিশ্লেষণে দেখা যায়, গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পর পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে ৭ জন, ইসলামী বিশ্ববিদ্যালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় থেকে ৪ জন করে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে ৩ জন করে এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয় থেকে ১ জন করে প্রার্থী বিভিন্ন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়েছেন। গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সর্বোচ্চ সংখ্যক ক্যাডার সুপারিশপ্রাপ্তির এ অর্জন বরিশাল বিশ্ববিদ্যালয়ের জন্য নতুন এক মাইলফলক হিসেবে দেখছেন শিক্ষক-শিক্ষার্থী ও সংশ্লিষ্টরা।

ঝালকাঠিতে হত্যা মামলায়

ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার শৌলজালিয়া গ্রামের বাসিন্দা নাসির উদ্দিনকে তার স্ত্রী পারুল বেগম এবং তার সঙ্গে পরকীয়া সম্পর্কে জড়িত বলে অভিযোগ থাকা খোকন হাওলাদার গলাকেটে ও কুপিয়ে হত্যা করেন বলে অভিযোগ আনা হয়। ঘটনার পরদিন নিহতের ভাই সোহরাব হাওলাদার কাঁঠালিয়া থানায় হত্যা মামলা করেন। তদন্তের অংশ হিসেবে ওই বছরের ৭ ফেব্রুয়ারি পারুল বেগম এবং ৮ ফেব্রুয়ারি খোকন হাওলাদারকে গ্রেফতার করে পুলিশ। মামলার তদন্ত কর্মকর্তা, কাঁঠালিয়া থানার উপ-পরিদর্শক (এসআই) আবদুস সালাম ২০১৪ সালের ৩০ এপ্রিল দুই আসামির বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। পরবর্তী সময়ে ১৭ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ শেষে ২০১৮ সালের ১১ নভেম্বর ঝালকাঠির জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. ইখতিয়ারুল ইসলাম মল্লিক রায় ঘোষণা করেন। রায়ে খোকন হাওলাদারকে মৃত্যুদণ্ড এবং পারুল বেগমকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। খোকন হাওলাদারের বাড়ি ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার পূর্ব কৈখালী গ্রামে এবং পারুল বেগমের বাড়ি একই উপজেলার শৌলজালিয়া গ্রামে। বিচারিক আদালতের রায়ের পর মৃত্যুদণ্ড অনুমোদনের জন্য মামলাটি হাইকোর্টে ডেথ রেফারেন্স হিসেবে পাঠানো হয়। একই সঙ্গে দণ্ডিত দুই আসামি রায়ের বিরুদ্ধে আপিল করেন।

হত্যাচেষ্টা মামলায় সাবেক

মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন করেন। আদালত আসামির উপস্থিতিতে শুনানির দিন রাখেন বুধবার। এদিন শুনানিকালে জেবুন্নেসা আফরোজকে আদালতে হাজির করা হয়। পরে আদালত তাকে গ্রেপ্তার দেখানোর আদেশ দেয়। এরপর তাকে কারাগারে পাঠানো হয়েছে। মামলার বিবরণে বলা হয়েছে, চব্বিশ সালে সরকার পতনের দিন ভাটারা থানার যমুনা ফিউচার পার্ক এলাকায় আন্দোলনকারীদের উপর হামলা, গুলিবর্ষণ করা হয়। ওই সময়ে গুলিবিদ্ধ হন রবিউল ইসলাম। চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে ২০২৪ সালের ২৫ ডিসেম্বর ভাটারা থানায় মামলাটি দায়ের করেন রবিউল।

দু'গ্রুপের সংঘর্ষে যুবক নিহতের

প্রসঙ্গত, গতকাল মঙ্গলবার সন্ধ্যা থেকে রাত দশটা পর্যন্ত ভাঙ্গা বাসস্ট্যান্ড এলাকায় এক্সপ্রেসওয়েতে টর্চলাইট জালিয়ে দুই গ্রামবাসীর মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে সুমন শেখ নামের এক যুবক গুলিবৃদ্ধ হয়। পরে তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পর তার মৃত্যু হয়। এ ব্যাপারে ভাঙ্গা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান জানান, রাতে দুপক্ষের সংঘর্ষে সুমন শেখ নামে এক যুবক নিহত হয়েছেন। এ ঘটনায় অভিযান চালিয়ে ১৭ জনকে আটক করা হয়েছে।তিনি আরও জানান, বুধবার সুমন হত্যার বিচার দাবিতে ঢাকা -রিশাল মহাসড়ক অবরোধ করে বিক্ষুব্ধ গ্রামবাসী। এ ঘটনায় হত্যা মামলার প্রস্তুতি চলছে। স্থানীয় ইসমাইল মুন্সী জানান, আমরা প্রশাসনকে ২৪ ঘণ্টা সময় দিয়েছি। সংঘর্ষের ঘটনার অন্যতম প্রধান আসামি সজীব মতুব্বরকে গ্রেপ্তার করে আইনের আওতায় আনার জোর দাবি জানাচ্ছি। এ ঘটনায় প্রতিপক্ষ হাসামদিয়া গ্রামের এনায়েত সর্দারের বক্তব্য জানতে তার মোবাইলে একাধিকবার কল করলেও তার মোবাইল বন্ধ পাওয়া যায়। তবে, উপজেলা সেচ্ছাসেবক দলের সদস্য সচিব সজিব মাতুব্বর দাবি করেন তার বিরুদ্ধে সুমন শেখকে গুলি করে হত্যার অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। এলাকাবাসী ও পুলিশ জানায়, ৪/৫ মাস আগে কাপুড়িয়া সদরদী গ্রামের ইসমাইল মুন্সির ভাগিনা এবাদুলসহ ৩/৪ জন ছেলেকে ধরে নিয়ে পৌরসভার সামনে মারধর করে হাসামদিয়া গ্রামের ফয়সাল সর্দারসহ কয়েকজন যুবক। এরপর বিষয়টি মীমাংসা হয়ে যায়। সেই জেরে মঙ্গলবার সন্ধ্যার দিকে এবাদুল হাসামদিয়া ব্রিজের নিকট ঘুরতে গেলে আবারও মারধর করে হাসামদিয়া গ্রামের ফয়সাল সর্দারসহ তার লোকজন। পরে এ নিয়ে দুপক্ষের লোকজন দেশীয় অস্ত্র, ঢাল, সড়কি নিয়ে রাতের আধারে টর্চলাইট জ্বালিয়ে মহাসড়কের ওপরে সংঘর্ষে জড়ায়। এক পর্যায়ে হাসামদিয়া গ্রামের লোকজন মাইকিং করে প্রায় সাড়ে তিন ঘণ্টাব্যাপী সংঘর্ষে লিপ্ত হয়। এতে দুপক্ষের মধ্যে যোগ দেয় কয়েক গ্রামের মানুষ।

কাজিরচর ইউনিয়ন জিয়া মঞ্চ দলের আহবায়ক কমিটি গঠন

মুলাদী প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী জিয়া মঞ্চ দলের কাজিরচর ইউনিয়ন শাখার ৪১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যা ৭টায় মুলাদী উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত কমিটি গঠন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল উত্তর জেলা বিএনপির ১ নং সদস্য, সাবেক উপজেলা চেয়ারম্যান ও সাবেক উপজেলা বিএনপি'র সভাপতি আলহাজ্ব আব্দুস সাত্তার খান। মুলাদী উপজেলা জাতীয়তাবাদী জিয়া মঞ্চ দলের আহবায়ক মোঃ মাসুদ মৃধার সভাপতিত্বে অনুষ্ঠিত কমিটি গঠন সভায় উপস্থিত ছিলেন, বিএনপি নেতা মশিউর রহমান বেল্লাল, আক্তার আকন, পৌরসভা কৃষকদল সভাপতি আল আমিন রাড়ী, বরিশাল উত্তর জেলা যুবদলের যুগ্ন আহবায় রুহুল আমিন খান, উপজেলা মৎস্য দল সভাপতি আবুল কালাম মাঝি, পৌরসভা মৎস্য দল সভাপতি ইব্রাহিম মোল্লা, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায় তারেক, মুলাদী বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি নজরুল সিকদার, পৌরসভা ছাত্রদলের সদস্য সচিব কবির হোসেন মোল্লা, উপজেলা ছাত্রদল নেতা জুবায়ের হোসেন রাড়ী। মুলাদী উপজেলা জাতীয়তাবাদী জিয়া মঞ্চ দলের আহবায়ক মাসুদ মৃধা, সিনিয়র যুগ্ম আহবায় মোফাজ্জল চাপরাশি, সদস্য সচিব মাহবুব আলম স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে মোহাম্মদ নুরুল হুদাকে আহবায়, মোঃ সিদ্দিকুর রহমান মৃধাকে সিনিয়র যুগ্ন আহবায়ক, শাহাদাত হোসেন কাজলকে যুগ্ন আহবায়, মোঃ জসিম উদ্দিনকে সদস্য সচিব ও মোঃ আনিস মোল্লাকে ১ নং সদস্য করে ৪১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়। কমিটি গঠন সভায় প্রধান অতিথির বক্তব্যে আলহাজ্ব আব্দুল সাত্তার খান নবগঠিত কমিটির উদ্দেশ্যে বলেন বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দলকে শক্তিশালী ও গতিশীল করার লক্ষ্যে, প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনা মেনে আগামী দিনে সকলকে ঐক্যবদ্ধ থেকে দলের জন্য কাজ করে যেতে হবে।

বাবা ও চাচাতো ভাইয়ের

হত্যাকাণ্ডের ঘটনায় তাঁর বাবার সম্পৃক্ততাও রয়েছে বলে অভিযোগ করেন তিনি। ঘটনার প্রত্যক্ষদর্শী রাজিব কাজী জানান, মোটরসাইকেলে যাওয়ার সময় কয়েকজন ব্যক্তি পথরোধ করেন। প্রাণ বাঁচাতে তিনি পাশের একটি খালে ঝাঁপ দিয়ে পালাতে সক্ষম হলেও রিপন কাজী হামলার শিকার হন। স্বজনদের অভিযোগ, হত্যাকাণ্ডে রিফাত কাজী, রাসেল কাজী, মনির কাজী, সোহাগ কাজী ও মিজানুর কাজী সরাসরি জড়িত ছিলেন। পটুয়াখালী সদর হাসপাতালের চিকিৎসা কর্মকর্তা রাকিবুল ইসলাম বলেন, হাসপাতালে আনার আগেই রিপন কাজীর মৃত্যু হয়েছে। তাঁর শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে। পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান বলেন, মরদেহ পটুয়াখালী সদর হাসপাতালের মর্গে রাখা হয়েছে। প্রাথমিকভাবে জানা গেছে, নিহত ব্যক্তির বাড়ি বরগুনার আমতলী উপজেলায়। ঘটনাটি সদর উপজেলার মহিষকাটা বাজারসংলগ্ন বাজারগোনা এলাকায় ঘটেছে। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

দেশে আরও নতুন

থানার আটটি ইউনিয়ন নিয়ে গঠিত হয়েছে 'দক্ষিণ গফরগাঁও' উপজেলা। এ ছাড়া প্রশাসনিক পুনর্বিন্যাসের অংশ হিসেবে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) আওতাধীন 'পূর্বাঞ্চল নতুন শহর প্রকল্প' এলাকার নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলা প্রকল্পের অংশগুলোকে ঢাকার অন্তর্ভুক্ত করার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে এই বৈঠকে। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত নিকার এই উচ্চপর্যায়ের বৈঠকে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান, সড়ক পরিবহন ও সেতু এবং রেলপথ ও নৌপরিবহনমন্ত্রী শেখ রবিউল আলম, গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহের, জনপ্রশাসন প্রতিমন্ত্রী আব্দুল বারী, মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি এবং প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আবদুস সাত্তারসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবেরা।

বরিশালে উদ্বেগজনক হারে

পড়েছি। আসর শেষ হওয়ার পর নিজেকে বদলে ফেলতে চাই। অন্যদেরও এ বিষয়ে সচেতন করার চেষ্টা করব। খোঁজ নিয়ে জানা গেছে, বন্ধু কিংবা পরিচিতজনের মাধ্যমে অধিকাংশ তরুণ প্রথমবার অনলাইন বাজির প্ল্যাটফর্মে যুক্ত হন। একবার আসক্ত হওয়ার পর জুয়ার টাকা জোগাড় এবং লোকসানের হতাশা কাটাতে অনেকেই মাদকের দিকে ঝুঁকে পড়েন। সেখান থেকে চুরি, ছিনতাইসহ বিভিন্ন অপরাধেও জড়িয়ে পড়ার ঝুঁকি তৈরি হচ্ছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। বরিশালের দি নিউ লাইফ মাদক নিরাময় কেন্দ্রের চেয়ারম্যান মর্তুজা জুয়েল বলেন, আমাদের পর্যালোচনায় দেখা গেছে, তরুণরা প্রথমে স্মার্টফোনে অতিরিক্ত আসক্ত হয়। এরপর অনলাইন জুয়ার সঙ্গে যুক্ত হয়। পরবর্তীতে মাদক ও অপরাধপ্রবণ বিভিন্ন গোষ্ঠীর সঙ্গে সম্পৃক্ত হয়ে পড়ে। এতে একটি সম্ভাবনাময় জীবন অন্ধকারে হারিয়ে যায়। এ থেকে উত্তরণের প্রধান উপায় পারিবারিক নজরদারি ও সামাজিক সচেতনতা বৃদ্ধি। এদিকে অনলাইন জুয়ার সিন্ডিকেট দমনে সাইবার নজরদারি জোরদার করেছে আইনশৃঙ্খলা বাহিনী। এর আগে ২০২৪ সালে 'টুসকি' নামের একটি অনলাইন জুয়া প্ল্যাটফর্মের বরিশাল বিভাগীয় প্রধানকে গ্রেপ্তার করেছিল পুলিশ। এবারও বিশ্বকাপকে ঘিরে অনলাইন জুয়া নিয়ন্ত্রণে বিশেষ নজরদারির কথা জানিয়েছে প্রশাসন। বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার আব্দুল হান্নান বলেন, ফুটবল বিশ্বকাপ ও আইপিএলের মতো বড় ক্রীড়া আয়োজনকে কেন্দ্র করে অনলাইন জুয়ার প্রবণতা বেড়ে যায়। বিষয়টি গুরুত্বের সঙ্গে পর্যবেক্ষণ করা হচ্ছে। আমাদের টহল দল ও সাইবার ইউনিট সার্বক্ষণিক নজরদারিতে রয়েছে। ক্রীড়ার সুস্থ বিনোদনকে কেন্দ্র করে যেন তরুণ প্রজন্ম অনলাইন জুয়ার মতো সামাজিক ব্যাধিতে জড়িয়ে না পড়ে, সেজন্য আইন প্রয়োগের পাশাপাশি পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ও সমাজের সমন্বিত সচেতনতাই সবচেয়ে কার্যকর ভূমিকা রাখতে পারে বলে মনে করছেন সচেতন মহল ও সংশ্লিষ্টরা।

আজ শুরু এইচএসসি

পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাদরাসা বোর্ডের অধীনে আলিমে কোরআন মাজিদ এবং কারিগরি বোর্ডে এইচএসসির (বিএমটি) বাংলা-২ বিষয়ের পরীক্ষা নেওয়া হবে। সব বোর্ডে সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হবে, চলবে দুপুর ১টা পর্যন্ত। পরীক্ষার্থীদের অবশ্যই ৩০ মিনিট আগেই কেন্দ্রে প্রবেশ করতে হবে। চলতি বছর নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে ১১টি শিক্ষা বোর্ডে পরীক্ষায় অংশ নিতে ফরম পূরণ করেছেন ১২ লাখ ৭০ হাজার ৫৮৩ জন পরীক্ষার্থী। তাদের মধ্যে ছাত্র ৬ লাখ ২১ হাজার ৯৬৯ জন এবং ছাত্রী ৬ লাখ ৪৮ হাজার ৬১৪ জন। সারা দেশের দুই হাজার ৬৯৭টি পরীক্ষা কেন্দ্রে তারা পরীক্ষায় অংশ নেবেন।বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডে এবারে উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষায় ৫৮ হাজার ৬৬৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবেন। বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. ইউনুস। তিনি জানিয়েছেন, পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ২৬ হাজার ৯০৫ জন ও ছাত্রী রয়েছেন ৩১ হাজার ৭৫৯ জন। গত বছর এ বোর্ড থেকে পরীক্ষায় অংশ নিয়েছিলেন ৬১ হাজার ২৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছেন। সে হিসেবে ২ হাজার ৩৬১ জন পরীক্ষার্থী কমেছে। বরিশাল শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগ থেকে ১২ হাজার ৫১৮ জন পরীক্ষার্থী রয়েছেন। এর মধ্যে ছাত্র ৫ হাজার ৬২৩ জন আর ছাত্রী ৬ হাজার ৮৯৫ জন। মানবিক বিভাগ থেকে ৪০ হাজার ৬০৯ জন। এরমধ্যে ছাত্র ১৭ হাজার ৯৫৯ জন আর ছাত্রী ২২ হাজার ৬৫০ জন। ব্যবসায় শিক্ষা বিভাগের মোট পরীক্ষার্থী রয়েছেন ৫ হাজার ৫৩৭ জন। এর মধ্যে ছাত্র রয়েছেন ৩ হাজার ৩২৩ জন আর ছাত্রী রয়েছেন ২ হাজার ২১৪ জন। বোর্ড চেয়ারম্যান বলেছেন, সকল কক্ষ পরিদর্শককে যথাযথ নির্দেশনা দেওয়া হয়েছে। পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণে সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।

৩০ জুনেও চালু হলো না

এটি চালু হলে শুধু পিরোজপুর নয়, আশেপাশের প্রায় ২০ লাখ মানুষ আধুনিক চিকিৎসাসেবা পাবে বলে ধারণা করা হচ্ছে। ১৯৮৪ সালে ৩১ শয্যা নিয়ে পিরোজপুর সদর হাসপাতালের যাত্রা শুরু হলেও ১৯৯৭ সালে নির্মিত হয় ৫০ শয্যার নতুন ভবন। ২০০৫ সালে সেটি ১০০ শয্যার হাসপাতালে রুপান্তর হয়। ২০১৭ সালে পিরোজপুরবাসীর জন্য ২৫০ শয্যার আধুনিক হাসপাতাল নির্মাণের ঘোষণা দেওয়া হয়। শুরুতে ৭ তলা করার পরিকল্পনা হলেও পরে ৯ তলায় উন্নীত হয়। ২০২৪ সালের ডিসেম্বরে প্রায় ৭০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ২৫০ শয্যার হাসপাতালটি এখনো লিফ্‌ট ও বিদ্যুৎ সংযোগ না থাকায় উদ্বোধন হয়নি। গণপূর্ত বিভাগ জানিয়েছে, লিফট আসতে আরো দু-তিন মাস সময় লাগবে। তাই সাধারণ মানুষের চিকিৎসা সেবার কথা চিন্তা করে প্রাথমিকভাবে লিফট ছাড়াই চারটি ফ্লোর উদ্বোধনের পরিকল্পনা করা হয়েছিল। চিকিৎসা প্রত্যাশী আল ইমরান বলেন, ‘হাসপাতালটি ৩০ জুন উদ্বোধন না হওয়ায় বিষয়টি আমাদের আশাহত করেছে। দীর্ঘদিন থেকে এলাকার মানুষ উন্নত চিকিৎসা সেবা থেকে বঞ্চিত। ফার্নিচার ও অন্যান্য সরঞ্জাম হাসপাতালে এখন পর্যন্ত আনা হয়নি। এ বিষয়গুলো কর্তৃপক্ষের নজরে রাখা উচিত ছিল। সবকিছু ব্যবস্থা করে একটি নির্দিষ্ট উদ্বোধনের তারিখ দেওয়া উচিত ছিল।’ পিরোজপুর জেলা উন্নয়ন নাগরিক কমিটির সদস্য সচিব মাইনুল আহসান মুন্না বলেন, ‘আজকে পিরোজপুর ২৫০ শয্যা হাসপাতালটি উদ্বোধন হওয়ার কথা ছিল কিন্তু নানান ওসিলায় এর উদ্বোধনের তারিখ পিছিয়ে যাচ্ছে। এভাবে বারবার উদ্বোধনের তারিখ পিছিয়ে যাওয়া কোনোভাবেই কাম্য নয়। শীঘ্রই এ সমস্যার সমাধান করা উচিত।’ জেলা সিভিল সার্জন কর্মকর্তা ডা. মো. মতিউর রহমান বলেন, ‘গণপূর্ত বিভাগ আরও ১৫ দিন সময় চেয়েছে। এরমধ্যে সকল ফার্নিচার তারা সরবরাহ করতে পারবে। আশাকরি তারা ফার্নিচার দিলে এক থেকে দুই দিনের মধ্যে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সভাপতির সঙ্গে সমন্বয় রেখে হাসপাতালটি উদ্বোধন করব ‘ তিনি আরও বলেন, ‘এখানে চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীর সংকট রয়েছে। নতুন ভবন চালু হলে সমস্যা আরো প্রকট আকার ধারণ করবে। সে বিষয়টিও আমরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি। তারা আশ্বাস দিয়েছেন অতি শীঘ্রই আমাদের চিকিৎসক এবং জনবলের সংকটটি সমাধান করবে।’ গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শহিদুল ইসলাম বলেন, ‘আমরা প্রতিমন্ত্রী স্যারের সাথে কথা বলে একটি তারিখ নির্ধারণ করব। বিদ্যুৎ নিয়েও কোনো সমস্যা নেই। ফার্নিচার চলে এসেছে। ফার্নিচারগুলো বিভিন্ন ফ্লোরে সেটআপ করে উদ্বোধনের জন্য একটি তারিখ দেবো। ৩০ জুন একটি সম্ভাব্য তারিখ ছিল, কিন্তু এটা ফাইনাল ছিল না। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মঞ্জুর সুমন বলেন, ‘হাসপাতালটি অনেক বছর ধরে ফেলে রাখা হয়েছিল বিগত সরকারের আমলে। আমরা দায়িত্ব পাওয়ার পর থেকে এটাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছি। ১৫ দিনের মধ্যেই ফার্নিচারের সমাধান হবে ইনশাল্লাহ। আপাতত তিনটা ফ্লোর চালু করব। অক্টোবরের মধ্যে লিফ্‌ট চলে আসলে আর কোনো সমস্যা থাকবে না। মাননীয় প্রধানমন্ত্রীকে অনুরোধ করবো, তিনি যদি নাও আসতে পারেন অন্তত ভার্চুয়ালি যেন উদ্বোধন করেন। তিনি আরও বলেন, সারাদেশেই ডাক্তার-নার্স সহ হসপিটালে জনবলের খুব অভাব। চেষ্টা করা হচ্ছে কীভাবে এই হাসপাতালটি শুরু করার আগেই ন্যূনতম যা দরকার সেগুলোর ব্যবস্থা করা। এ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেছেন, ‘বর্তমানে ডায়ালিসিস মেশিন, আইসিইউ এবং লাইভ সাপোর্টের জন্য যা দরকার সবকিছুর ব্যাপারে চিন্তা করা হচ্ছে। পিরোজপুরবাসী যাতে আধুনিক স্বাস্থ্যসেবা পেতে পারে সেজন্য আমরা কাজ করছি। হাসপাতালটি চালু হলে পিরোজপুর জেলা ও আশেপাশের প্রায় ২০ লাখ মানুষ আধুনিক চিকিৎসা সেবার সুযোগ পাবে।’

স্ত্রীকে ভিডিও কলে রেখে

সঙ্গে ভিডিও কলে কথা বলছিলেন। নিহতের ছোট ভাই তুহিন দেউরী বলেন, প্রায় ১০ বছর আগে নাজিরপুর উপজেলার রঞ্জিতা রানী হালদারের সঙ্গে সজলের বিয়ে হয়। তাদের তিন বছর বয়সী একটি কন্যাসন্তান রয়েছে। তিনি অভিযোগ করেন, গ্রামের এক ব্যক্তির সঙ্গে রঞ্জিতার পরকীয়ার কারণে দীর্ঘদিন ধরে তাদের সংসারে অশান্তি চলছিল। বিষয়টি নিয়ে একাধিকবার পারিবারিকভাবে সমাধানের চেষ্টা করা হলেও পরিস্থিতির উন্নতি হয়নি। তুহিন আরও দাবি করেন, আত্মহত্যার আগে সজল বিষয়টি নিয়ে কথা বললে তার স্ত্রী ভিডিও কলে আপত্তিকর মন্তব্য করেন। পরিবারের সদস্যরা সেই কথোপকথন শুনেছেন বলেও তিনি দাবি করেন। স্থানীয় ইউপি সদস্য মনোজ ঢালী বলেন, নিহতের স্ত্রীর সঙ্গে এলাকার এক যুবকের সম্পর্ক নিয়ে এলাকায় দীর্ঘদিন ধরে আলোচনা ছিল। বিষয়টি নিয়ে সজল মানসিকভাবে ভেঙে পড়েছিলেন বলে স্থানীয়দের ধারণা। ঘটনার পর অভিযুক্ত ওই যুবক ও সজলের স্ত্রী এলাকা ছেড়ে চলে গেছেন বলেও জানান তিনি। তবে অভিযুক্ত শোভন বেপারী অভিযোগ অস্বীকার করে বলেন, রঞ্জিতা রানী তার কাছে বোনের মতো। তাদের মধ্যে কোনো ধরনের অনৈতিক সম্পর্ক ছিল না। এ বিষয়ে রঞ্জিতা রানী হালদারের বক্তব্য পাওয়া যায়নি। তিনি বাড়িতে না থাকায় যোগাযোগ সম্ভব হয়নি। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান জানান, এ ঘটনায় এখনো কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কাউখালীতে বাড়ছে ডেঙ্গু রোগী

মধ্যে ১২ জন পুরুষ ও ১৬ জন নারী। বর্তমানে ভর্তি রোগীদের সার্বক্ষণিক পর্যবেক্ষণে রেখে চিকিৎসা প্রদান করা হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। এদিকে এলাকাবাসীর অভিযোগ, উপজেলার পুরাতন ডাকবাংলো এলাকা, হাসপাতালের আশেপাশে, উপজেলার বিভিন্ন খালি জায়গা ও ড্রেনেজ ব্যবস্থার আশপাশে ময়লা-আবর্জনা জমে থাকায় মশার প্রজনন ক্ষেত্র তৈরি হয়েছে। এছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থানে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালিত না হওয়ায় ডেঙ্গু বিস্তারের ঝুঁকি বাড়ছে বলে মনে করছেন তারা। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন ডেঙ্গু রোগীরা বলেন, কয়েকদিন ধরে জ্বর, শরীর ব্যথা ও দুর্বলতা অনুভব করছিলাম। পরে পরীক্ষা করলে ডেঙ্গু ধরা পড়ে। বর্তমানে হাসপাতালে চিকিৎসা নিচ্ছি। সবাইকে সচেতন থাকতে হবে এবং জ্বর হলে দ্রুত পরীক্ষা করাতে হবে। কাউখালী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ সুব্রত কর্মকার বলেন, উপজেলায় ডেঙ্গু রোগীর সংখ্যা কিছুটা বৃদ্ধি পেয়েছে। তবে পরিস্থিতি এখনো নিয়ন্ত্রণে রয়েছে। হাসপাতালে পর্যাপ্ত ওষুধ ও চিকিৎসা সেবা নিশ্চিত করা হয়েছে। ডেঙ্গু প্রতিরোধে জনগণকে সচেতন হতে হবে। বাসাবাড়ির আশপাশে কোথাও যেন তিন দিনের বেশি পরিষ্কার পানি জমে না থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। জ্বর হলে অবহেলা না করে দ্রুত নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করার পরামর্শ দিচ্ছি।

বিষখালী নদীর ভাঙন রোধে

(রাজাপুর-কাঠালিয়া) আসনের এমপি ও বিএনপির কেন্দ্রীয় ধর্ম বিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম জামাল, জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন, পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) মামুন আল ইসলাম, পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী একেএম নিলয় পাশা, রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাত আরা মৌরী, কাঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মকবুল হোসেনসহ প্রশাসন এবং বিএনপি ও সহযোগী সংগঠনের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ। এসময় জিও ব্যাগ ফেলে ভাঙন রোধ কার্যক্রমের উদ্বোধন করা হয়। পরিদর্শন শেষে নদী তীরবর্তি বড়ইয়া কলেজ সংলগ্ন এলাকায় নদী ভাঙনে ক্ষতিগ্রস্ত পরিবারের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী একেএম নিলয়পাশা বলেন, ঝালকাঠি জেলার সুগন্ধা ও বিষয়খালী নদী ২২ কিলোমিটার ভাঙন রোধে পানি সম্পদ মন্ত্রণালয় দুই হাজার কোটি টাকা বরাদ্দ দিয়েছে। আমরা স্থানীয় এমপি মহোদয়দের মাধ্যমে সেই কাজ শুরু করেছি। ঝালকাঠি-১ (রাজাপুর-কাঠালিয়া) আসনের এমপি ও বিএনপির কেন্দ্রীয় ধর্মবিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম জামাল বলেন, বাংলাদেশ নদী মাতৃক দেশ। নদীও আমাদের দেশের প্রাকৃতিক সম্পদ। রাজাপুরের বড়ইয়া এলাকায় বিষখালী নদী তীরে ৫টি শিক্ষা প্রতিষ্ঠান, আবাসিক এলাকা, ফসলী জমি ভাঙনের কবলে পড়েছে। তা রক্ষার জন্য ভাঙন রোধে পানি সম্পদ মন্ত্রণালয় থেকে দুই হাজার কোটি টাকা বরাদ্দ দিয়েছে। এ বরাদ্দ থেকে ২২কিলোমিটার নদীর তীর ভাঙন রোধে ও টেকসই বেরিবাধ দেয়া হবে।

ত্রাণের ২০ পার্সেন্ট না পেয়ে ইউপি

সরদার ও তার লোকজন মারধর ও হুমকি দেন বলে অভিযোগ করেন জাকির হোসেন সিকদার। এ ঘটনায় জাকির হোসেন বাদী হয়ে ছাত্রদল নেতার বিরুদ্ধে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। অভিযোগ ও জিডি সূত্রে জানা যায়, মুলাদী সদর ইউনিয়নের নদীভাঙন কবলিত অসহায় মানুষের জন্য ৩ টন চাল বরাদ্দ করা হয়। মঙ্গলবার দুপুরে ইউপি প্রশাসনিক কর্মকর্তা মো. জাকির হোসেন সিকদার তার অফিস কক্ষে বসে ওই চাল প্রদানের জন্য সুবিধাভোগীদের তালিকা প্রস্তুত করছিলেন। ওই সময় বেল্লাল হোসেন সরদার ও সুজন চৌকিদারসহ ৫-৬ জন ছাত্রদল নেতাকর্মী হঠাৎ তার রুমে প্রবেশ করেন। কার অনুমতিতে এই তালিকা প্রস্তুত করা হচ্ছে তা জানতে চেয়ে অকথ্য ভাষায় গালিগালাজ শুরু করে। এক পর্যায়ে তারা সরকারি কাজে বাধা সৃষ্টি করে ওই কর্মকর্তাকে চড়-থাপ্পড় ও কিল-ঘুষি মেরে শারীরিকভাবে লাঞ্ছিত করেন। সেখান থেকে বের হয়ে যাওয়ার সময় তারা ওই কর্মকর্তাকে প্রকাশ্যে গুলি করে হত্যার হুমকি দেন। ভুক্তভোগী কর্মকর্তা মো. জাকির হোসেন সিকদার অভিযোগে আরও উল্লেখ করেন, ছাত্রদল নেতা বেল্লাল সরদারের আগেও তার অফিস কক্ষের আসবাবপত্র তছনছ করেছিল। এছাড়া বিগত ঈদুল ফিতর ও ঈদুল আজহার সময় ভিজিএফ চাল বিতরণে বাধা দিয়ে বরাদ্দের ৫০ শতাংশ চাল তাদের দেওয়ার দাবি করেছিল। এমনকি দরিদ্র মহিলাদের দুই বছর মেয়াদি ভিডব্লিউবি চালের কার্ড বিতরণের সময়ও তারা জোরপূর্বক কার্ড ছিনিয়ে নিয়েছিল। নাম প্রকাশ না করার শর্তে এক মুলাদী সদর ইউনিয়ন পরিষদের এক সদস্য জানান, নদী ভাঙন কবলিত ১৫০ জন মানুষের জন্য ২০ কেজি করে ৩ টন চাল বরাদ্দ হয়েছে। ওই চালের ২০ শতাংশ হিসেবে ৩০ জনের তালিকা দিতে চেয়েছিলেন ছাত্রদল নেতা বেল্লাল সরদার। কিন্তু পরিষদের পক্ষ থেকে তাকে ২০ জনের নাম দেওয়ার অনুরোধ করা হয়। এতে তিনি রাজি না হলে চেয়ারম্যান তাকে ২৫ জনের নাম দিতে বলেন। চেয়ারম্যন পরিষদ থেকে বের হওয়ার পর পর ওই ছাত্রদল নেতা ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তাকে মারধর ও গুলি করার হুমকি দেন। মুলাদী সদর ইউনিয়ন চেয়ারম্যান মো. কামরুল আহসান বলেন, ‘ঘটনার বিষয়টি শুনেছি। আমি অসুস্থ থাকায় ঘটনার দিন পরিষদ থেকে তাড়াতাড়ি বের হয়েছিলাম। আইনগত ব্যবস্থা নিতে প্রশাসনিক কর্মকর্তাকে পরামর্শ দেওয়া হয়েছে।’ এ ব্যাপারে উপজেলা ছাত্রদল সদস্যসচিব বেল্লাল হোসেন সরদার অভিযোগ অস্বীকার করে বলেন, ‘ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তাকে মারধর কিংবা হত্যার হুমকি দেওয়া হয়নি। গত মঙ্গলবার আমি পরিষদে যাইনি। তবে ওই দিন কয়েকজনের সঙ্গে জাকির হোসেনের কথার কাটাকাটি ও হাতাহাতির বিষয়টি শুনেছি। আমি মুলাদী সদর ইউনিয়নে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করার ঘোষণা দেওয়ায় আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ ও জিডি করা হয়েছে।’ মুলাদী থানার ওসি খন্দকার মো. সোহেল রানা বলেন, ইউপির প্রশাসনিক কর্মকর্তা জিডি করেছেন। ঘটনার বিষয়ে তদন্ত চলছে। সত্যতা পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. গোলাম সরওয়ার বলেন, মারধর ও প্রাণ নাশের হুমকির বিষয়ে প্রশাসনিক কর্মকর্তা লিখিত অভিযোগ করেছেন। থানায় জিডি হয়েছে এবং জিডি কপি আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে। আদালতের নির্দেশনা পেলে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

ব্যাংক থেকে ব্যাংকে টাকা

কার্ড স্কিমের মাধ্যমে সরকারি অর্থ পরিশোধ ব্যবস্থায় পয়েন্ট অব সেল (চঙঝ), বাংলা কিউআর কোড লেনদেনে মার্চেন্ট ডিসকাউন্ট রেটের সীমা নির্ধারণ করা হয়। উল্লিখিত সার্কুলারের সব ফি/চার্জ এবং শর্তাবলি অপরিবর্তিত রেখে এনপিএসবির আওতায় কেবল বাংলা কিউআর কোড পরিশোধ ব্যবস্থা ব্যবহার করে ব্যাংক অ্যাকাউন্ট, ডেবিট এ প্রিপেইড কার্ড, ক্রেডিট কার্ড, এমএফএস, পিএসপির মাধ্যমে মার্চেন্ট পেমেন্টে অ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠান কর্তৃক মার্চেন্ট হতে আদায়যোগ্য এমিডিআরের সর্বনিম্ন হার ১ শতাংশ (ভ্যাট অন্তর্ভুক্ত) নির্ধারণ করা হলো। এ ছাড়া কোনো একোয়ারিং প্রতিষ্ঠান ডিজিটাল লেনদেনের উন্নয়নের স্বার্থে প্রোমোশনাল ক্যাম্পেইন পরিচালনা করতে পারবে। কেন্দ্রীয় ব্যাংকের পরিচালক (পিএসডি-২) মো. শরাফত উল্লাহ খান স্বাক্ষরিত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে সার্কুলারে জানানো হয়েছে।

রেমিট্যান্সে নতুন ইতিহাস, অর্থবছরে

ব্যাংকের তথ্য অনুযায়ী, সদ্য সমাপ্ত ২০২৫-২৬ অর্থবছরের (জুলাই-জুন) ১২ মাসে দেশে বৈধ চ্যানেলে মোট রেমিট্যান্স এসেছে ৩ হাজার ৫৫৬ কোটি ২০ লাখ মার্কিন ডলার। বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ ৪ লাখ ৩৮ হাজার ১২৮ কোটি টাকার বেশি। দেশের ইতিহাসে এক অর্থবছরে এত বেশি রেমিট্যান্স এর আগে কখনো আসেনি। আগের অর্থবছরে রেমিট্যান্স এসেছিল ৩ হাজার ৩২ কোটি ৯০ লাখ ডলার। অর্থাৎ এক বছরের ব্যবধানে প্রবাসী আয় বেড়েছে ৫২৩ কোটি ৩০ লাখ ডলার বা ১৭ দশমিক ৩ শতাংশ। বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তারা বলছেন, হুন্ডি প্রতিরোধে সরকারের কঠোর অবস্থান, বৈধ পথে অর্থ পাঠাতে নগদ প্রণোদনা, ব্যাংকিং সেবার সহজলভ্যতা এবং ডিজিটাল মাধ্যমে দ্রুত অর্থ পাঠানোর সুযোগ বাড়ায় প্রবাসীরা আগের তুলনায় বেশি বৈধ চ্যানেল ব্যবহার করছেন। ফলে চলতি অর্থবছরে রেমিট্যান্সে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন সম্ভব হয়েছে। এদিকে অর্থবছরের শেষ মাসে রেমিট্যান্স প্রবাহে কিছুটা ভাটা দেখা গেছে। বাংলাদেশ ব্যাংকের প্রাথমিক হিসাব অনুযায়ী, জুনে দেশে এসেছে ২৮০ কোটি ৬ লাখ মার্কিন ডলার, যা গত সাত মাসের মধ্যে সর্বনিম্ন। একই সঙ্গে আগের বছরের জুনের তুলনায়ও রেমিট্যান্স কিছুটা কমেছে। তবে ব্যাংক হলিডের কারণে ১১টি ব্যাংকের তথ্য প্রাথমিক হিসাবে অন্তর্ভুক্ত হয়নি। ফলে চূড়ান্ত হিসাবে এ অঙ্ক কিছুটা বাড়তে পারে। এর আগে সর্বনিম্ন রেমিট্যান্স এসেছিল গত বছরের অক্টোবরে, তখন আসে ২৫৬ কোটি ২৪ লাখ ডলার। সংশ্লিষ্টদের মতে, মার্চ, এপ্রিল ও মে মাসে ঈদকে কেন্দ্র করে প্রবাসীরা পরিবার-পরিজনের জন্য অতিরিক্ত অর্থ পাঠান। ঈদ-পরবর্তী সময়ে সেই চাপ কমে যাওয়ায় জুন মাসে রেমিট্যান্সেও কিছুটা স্বাভাবিক নিম্নগতি দেখা দিয়েছে। সদ্য সমাপ্ত অর্থবছরে মাসভিত্তিক রেমিট্যান্সের চিত্রে দেখা যায়, জুলাইয়ে এসেছে ২৪৭ কোটি ৭৮ লাখ ডলার, আগস্টে ২৪২ কোটি ১৮ লাখ ডলার, সেপ্টেম্বরে ২৬৮ কোটি ৫৫ লাখ ডলার, অক্টোবরে ২৫৬ কোটি ২৪ লাখ ডলার, নভেম্বরে ২৮৮ কোটি ৯৭ লাখ ডলার, ডিসেম্বরে ৩২২ কোটি ৩৬ লাখ ডলার, জানুয়ারিতে ৩১৭ কোটি ১৬ লাখ ডলার, ফেব্রুয়ারিতে ৩০২ কোটি ডলার, মার্চে ৩৭৫ কোটি ২২ লাখ ডলার, এপ্রিলে ৩১২ কোটি ৭৩ লাখ ডলার, মে মাসে ৩৪২ কোটি ৫০ লাখ ডলার এবং জুনে ২৮০ কোটি ৬ লাখ ডলার। রেমিট্যান্স ও রপ্তানি আয় বৃদ্ধির ইতিবাচক ধারার কারণে বৈদেশিক মুদ্রার রিজার্ভও শক্তিশালী অবস্থানে রয়েছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, দেশের মোট (গ্রস) বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়ে দাঁড়িয়েছে ৩৭ দশমিক ৫৬ বিলিয়ন ডলারে। আর আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বিপিএম-৬ পদ্ধতিতে নিট ব্যবহারযোগ্য রিজার্ভ রয়েছে ৩২ দশমিক ৯০ বিলিয়ন ডলার।

এক ছড়ায় ঝুলছে

ও বাজারে হৈচৈ পড়ে গেছে। কৌতূহলী লোকজন প্রতিদিন ভিড় করেছে এ দৃশ্য দেখতে। কেউ কেউ আবার ছবি তুলে নিয়ে যাচ্ছেন। গ্রামের বাজারের চায়ের দোকানও এখন বিস্ময়কর ১২ কলার মোচার গল্প নিয়েই আড্ডা জমেছে। স্থানীয়রা রহিমুদ্দীন মাঝি (৬৫) বলেন, ‘আমার জীবনে এই প্রথমবার দেখলাম। এটা হয়তো শেষ জামানা। তাই শেষ জীবনে এটা দেখলাম।’ গ্রামের যুবক শাহীন খান বলেন, ‘গত বছর আমরা রাস্তার পাশে অনেকগুলো কলাগাছ লাগিয়েছিলাম। এবার সেখান থেকে একটি গাছে মোচা এসেছে। তবে একটি ছড়ায় ১২টি। সত্যিই অবাক করার মতো, গাছটি না দেখলে বিশ্বাস করা যাবে না। এখন প্রতিদিন বিভিন্ন এলাকা থেকে লোকজন ছুটে আসছেন।’ এ ব্যাপারে ঝালকাঠি সদর উপজেলা কৃষি কর্মকর্তা আলী আহমেদ বলেন, বিষয়টি আমিও শুনেছি। গাছটিতে অনেক বেশি পরাগায়ন হওয়ার কারণে এমনটি ঘটতে পারে। তবে এমনটি খুব বেশি হয় না বলেও জানান এই কৃষি কর্মকর্তা।

প্রশাসনের নিষেধাজ্ঞার পরও

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মুজাহিদুর রহমান (২২)। অভিযোগ সূত্রে জানা যায়, উপজেলার টবগী ইউনিয়নের নতুন হাকিমউদ্দিন বাজারটি সরকারি ইজারার আওতায় না থাকলেও দীর্ঘদিন ধরে ‘খাজনা’র নামে ব্যবসায়ীদের কাছ থেকে অর্থ আদায় করা হচ্ছিল। এর প্রতিবাদে গত বছরের ১৩ জুন বিষয়টি প্রকাশ্যে তুলে ধরেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মুজাহিদুর রহমান। পরদিন, ১৪ জুন বাজারে গিয়ে তিনি ব্যবসায়ীদের অবৈধ চাঁদা না দেওয়ার আহ্বান জানান। মুজাহিদুর রহমানের অভিযোগ, ব্যবসায়ীদের অবৈধ চাঁদা আদায়কে কেন্দ্র করে স্থানীয় বিএনপি ও ছাত্রদলের অর্ধশতাধিক নেতাকর্মীরা তাকে মারধর করে। এসময় তার ব্যবহৃত মোবাইল ছিনিয়ে নেয়। তিনি দাবি করেন, টবগী ইউনিয়ন ছাত্রদলের তৎকালীন সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক তুহিন ফরাজি মোবাইল কলের মাধ্যমে লোকজন জড়ো করে এ হামলায় নেতৃত্ব দেন। ঘটনার পর বিষয়টি জাতীয় ও আঞ্চলিক বিভিন্ন গণমাধ্যমে গুরুত্বের সঙ্গে প্রকাশিত হয়। পরবর্তীতে তৎকালীন ইউএনও রায়হানুজ্জামানের নির্দেশে ১৫ জুন সহকারী কমিশনার (ভূমি) মেহেদী হাসান সরেজমিনে বাজার পরিদর্শন করেন। স্থানীয় ব্যবসায়ী ও বাসিন্দাদের বক্তব্য গ্রহণ শেষে তিনি নিশ্চিত হন যে বাজারটি তখনও সরকারিভাবে ইজারাভুক্ত হয়নি। ফলে ‘খাজনা’র নামে অর্থ আদায় সম্পূর্ণ অবৈধ বলে প্রশাসনের পক্ষ থেকে মৌখিকভাবে চাঁদা আদায় বন্ধের নির্দেশ দেওয়া হয়। এ সময় স্থানীয় ইউপি চেয়ারম্যানের মাধ্যমে অভিযুক্তদের তলব করা হলেও তারা উপস্থিত হননি বলে অভিযোগ রয়েছে। এদিকে, হামলার ঘটনার পর বোরহানউদ্দিন উপজেলা ছাত্রদলের সভাপতি দানেশ চৌধুরী ও সাধারণ সম্পাদক তানজিল হাওলাদার এক যৌথ বিবৃতিতে টবগী ইউনিয়ন ছাত্রদলের তৎকালীন সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক তুহিন ফরাজিকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন। স্থানীয়দের অভিযোগ, প্রশাসনের হস্তক্ষেপে দীর্ঘদিন চাঁদা আদায় বন্ধ থাকলেও এ বছরের ১৪ এপ্রিল থেকে স্থানীয় আরেক বিএনপি নেতা বাবুল ফরাজির নেতৃত্বে পুনরায় ‘খাজনা’র নামে অর্থ আদায় শুরু হয়েছে। এতে ব্যবসায়ী ও সাধারণ মানুষের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে বলে তারা দাবি করেন। এ বিষয়ে ভুক্তভোগী মুজাহিদুর রহমান ৩০ জুন ইউএনও মনোরঞ্জন বর্মণের কাছে লিখিত অভিযোগ করেন। অভিযোগ গ্রহণ করে ইউএনও বিষয়টি তদন্তের জন্য সহকারী কমিশনার (ভূমি) রঞ্জিত কুমার দাসকে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন। অভিযোগের বিষয়ে অভিযুক্তদের কাছে জানতে চাইলে তারা বলেন, এই বাজার আওয়ামী লীগের আমল থেকেই দীর্ঘদিন ধরে খাজনা উত্তোলন হতো। কেউ বাধা দেয়নি তাহলে এখন কেন এত অভিযোগ। তাছাড়া এই বাজার টবগী রাস্তার মাথা বাজারের সঙ্গে সংযুক্ত। তবে স্থানীয়দের প্রত্যাশা, প্রশাসন দ্রুত তদন্ত সম্পন্ন করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করবে এবং ইজারাবিহীন বাজারে অবৈধ অর্থ আদায় স্থায়ীভাবে বন্ধ করবে।

বাউফলে অপসাংবাদিকতা রোধে করণীয় শীর্ষক আলোচনা সভা

বাউফল প্রতিনিধি

বাউফলে অপসাংবাদিকতা রোধে করণীয় শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৩০জুন) বেলা ১১টায় উপজেলা পরিষদ মিলনায়তনে বাউফল প্রেসক্লাব ও বাউফল রিপোর্টার্স ইউনিটির যৌথ উদ্যোগে এ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন বাউফল প্রেসক্লাবের সভাপতি মো. জলিলুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাউফল রিপোর্টার্স ইউনিটির সভাপতি সিদ্দিকু রহমান। এ ছাড়াও উপস্থিত ছিলেন, সিনিয়র সাংবাদিক অতুল পাল, আল মামুন, বাউফল প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো.জসীমউদ্দীন, রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক জি এম মশিউর রহমান মিলন। এ সময় বক্তব্য রাখেন, তোফাজ্জল হোসেন, এম এ বাসার, এবিএম মিজানুর রহমান, শিবলী সাদেক, রইসুল ইসলাম ইমনসহ স্থানীয় গণমাধ্যমকর্মীরা। আলোচনা সভায় বক্তারা বলেন, অপসাংবাদিকতা পেশাদার সাংবাদিকতার ভাবমূর্তি ক্ষুন্ন করছে। তথ্য যাচাই-বাছাই ছাড়া সংবাদ প্রকাশ, ব্যক্তিস্বার্থে সাংবাদিকতার অপব্যবহার এবং সামাজিক যোগাযোগমাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে দেওয়ার প্রবণতা রোধে সবাইকে সচেতন হতে হবে। তারা সাংবাদিকদের নৈতিকতা, পেশাগত দায়িত্ববোধ, বস্তুনিষ্ঠতা ও তথ্যনির্ভর সংবাদ পরিবেশনের ওপর গুরুত্বারোপ করেন। বক্তারা বলেন, প্রকৃত সাংবাদিকদের ঐক্যবদ্ধ থেকে অপসাংবাদিকতার বিরুদ্ধে সোচ্চার হওয়ার পাশাপাশি নতুন প্রজন্মের সাংবাদিকদের প্রশিক্ষণ ও পেশাগত মানোন্নয়নে উদ্যোগ নিতে হবে। সভায় উপজেলার বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

ট্রলিচাপায় মাদরাসাছাত্রী নিহত

থেকে বের হয় লিয়া আক্তার। পরে জলিল মাঝির বাড়ির সামনে পৌঁছালে একটি দ্রুতগামী মালবাহী ট্রলি তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে লিয়ার মরদেহ কাঁধে নিয়ে ট্রলিচালকের বিচারের দাবিতে বিক্ষোভ করে তার সহপাঠীরা। শশীভূষণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফিরোজ আহমেদ ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, ঘটনার পর থেকে ট্রলিচালক পলাতক। তাকে আটকের চেষ্টা চলছে। তবে ট্রলিটি জব্দ করা হয়েছে।

বিএনপির শোডাউনে হামলার

প্রায় ২০টি মোটরসাইকেল ভাঙচুর করা হয়। এদিকে ঘটনার পর আহত দাশপাড়া ইউনিয়ন পরিষদের সদস্য ও ইউনিয়ন বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক আল মামুন বাদী হয়ে বাউফল থানায় হত্যা চেষ্টা এবং বিস্ফোরক আইনে একটি মামলা করেন। গ্রেপ্তার হওয়া ইমরান হোসেন ওই মামলার এজাহারভুক্ত আসামিদের একজন। তবে এ ঘটনায় গ্রেপ্তার ইমরান হোসেন বা ছাত্রশিবিরের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো বক্তব্য পাওয়া যায়নি। মামলার অভিযোগের বিষয়ে তদন্ত অব্যাহত রয়েছে বলে জানিয়েছে পুলিশ। বাউফল থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে বলেন, বিএনপির মোটরসাইকেল শোডাউনে হামলার ঘটনায় দায়ের করা মামলার প্রেক্ষিতে এজাহারভুক্ত আসামি ইমরান হোসেনকে গ্রেপ্তার করা হয়েছে। বুধবার তাকে আদালতে সোপর্দ করা হবে।

কলাপাড়ায় ৩০ কি.মি. জুড়ে

৯ দফা এবং জাতীয় বাজেটে দক্ষিণাঞ্চলের উন্নয়নের দাবিতে মানববন্ধনে অংশ নেয় এসব মানুষ। এদিন সকাল থেকেই নাগরিক সমাজের আয়োজনে উপজেলার প্রবেশদ্বার সিক্সলেন এলাকা থেকে কার্যক্রম শুরু হয়। দুপুর ১২টা পর্যন্ত একযোগে চলে পর্যটন নগরী কুয়াকাটা পর্যন্ত। কর্মসূচিতে অংশগ্রহণকারীরা বলেন, হাজারো দাবি সংসদে বাজেট হিসেবে ঘোষণা করা হলেও দক্ষিণাঞ্চলের উল্লেখযোগ্য উন্নয়নে কোনো বরাদ্দ রাখা হয়নি। তাই দ্রুত সময়ের মধ্যে জাতীয় বাজেটে বরাদ্দ অন্তর্ভুক্ত করার দাবি জানান তারা। মানববন্ধনে অংশগ্রহণকারী উপজেলা বিএনপির সভাপতি হাজি হুমায়ুন শিকদার বলেন, অপার সম্ভাবনাময় উপজেলা কলাপাড়াসহ গোটা বরিশাল অঞ্চল। এই দক্ষিণ উপকূলীয় এলাকা ঘিরে ব্যপক পরিমাণ কর্মসংস্থান সৃষ্টির সুযোগ রয়েছে। কিন্তু বৃহত্তর বরিশাল অঞ্চলকে বৈষম্যের শিকার হতে হয়েছে। যা নিয়ে আমাদের এমপি মহোদয় সংসদে কথা বলেছেন। আমাদের বঞ্চিত করা হয়েছে। প্রায় প্রতিদিন মহাসড়কে তাজা প্রাণ ঝড়ে যাচ্ছে। অথচ সিক্স-লেন উন্নতি কারণে আমাদের কোনো বরাদ্দ দেওয়া হয়নি। কিন্তু কুয়াকাটার কথা বিবেচনা করে হলেও এটা ছিল অতি গুরুত্বপূর্ণ। তিনি বলেন, আমরা আজ দলমত নির্বিশেষে দক্ষিণ অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে ৯ দফা দাবি নিয়ে প্রধানমন্ত্রীর আশু হস্তক্ষেপ কামনায় রাস্তায় নেমে এসেছি। অপর অংশগ্রহণকারী আইনজীবী নাসীর উদ্দিন জানান, বৈষম্য দূর করতে এত এত রক্তপাতের পরেও আমরা বরিশালবাসী কেন সেই বৈষম্যের শিকার হলাম। কেন বাজেটে বৃহত্তর বরিশালে উন্নয়ন বরাদ্দ নেই। নদী বেষ্টিত এলাকায় ভাঙন রোধে টেকসই বেড়িবাঁধ নির্মাণ ছিল আমাদের প্রাণের দাবি। কিন্তু আজ সেখানে পর্যন্ত কোনো বরাদ্দ রাখা হয়নি। তাই প্রধানমন্ত্রী তারেক রহমানের অনুগ্রহ কামনা করছি। এছাড়া কর্মসূচিতে, শিক্ষক প্রতিনিধি, ব্যবসায়ী, চাকরিজীবী, ছাত্রছাত্রী, কৃষক পরিবারসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ ৯ দফা দাবিতে এ মানববন্ধন করেন। দাবিগুলো হলো- ভাঙা-কুয়াকাটা ছয়লেন মহাসড়ক নির্মাণ, পর্যটনশিল্প বিকাশে কুয়াকাটা উন্নয়ন কর্তৃপক্ষ গঠন, পায়রা বন্দরকে পূর্ণাঙ্গভাবে চালু করা, শেরেবাংলা মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নতি করন, কুয়াকাটাই প্রস্তাবিত স্থানে নির্মাণ, ভাঙা রেল স্টেশন থেকে কুয়াকাটা পর্যন্ত রেল সংযোগ, নদীভাঙন রোধে নির্মাণ, ভোলার গ্যাস দিয়ে গড়ে তোলার জন্য মানববন্ধন করেন অংশগ্রহণকারীরা।

কচুরিপানার নিচে সাড়ে

সময় পানিতে থাকার কারণে সুজন অসুস্থ হয়ে পড়েন। পরে মানবিক বিবেচনায় প্রাথমিক চিকিৎসার জন্য স্থানীয় ইউপি সদস্যের উপস্থিতিতে তাকে তার বড় ভাইয়ের জিম্মায় দেওয়া হয়। ৬নং ওয়ার্ডের ইউপি সদস্য জসিম উদ্দিন বলেন, সুজন হাওলাদার দীর্ঘক্ষণ পানিতে থাকায় অসুস্থ হয়ে পড়ে। পরবর্তীতে প্রাথমিক চিকিৎসা দিয়ে তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। সুজন পুরোপুরি সুস্থ হলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিক হাসান রাসেল বলেন, ঘটনাটি সম্পর্কে থানাকে এখনো কেউ আনুষ্ঠানিকভাবে অবহিত করেননি। লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গৌরনদী ভূমি অফিসের রাজস্ব

অর্থবছরে ভূমি উন্নয়ন কর বাবদ ১ কোটি ৭ লাখ ২১ হাজার ২২৫ টাকা আদায় হয়েছে। এ ক্ষেত্রে সাধারণ শ্রেণিতে আদায়ের হার ১৫৫ শতাংশ এবং বিভিন্ন সংস্থার ক্ষেত্রে ১০৭ শতাংশ অর্জিত হয়েছে, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়েও বেশি। এ ছাড়া ভিপি লিজ মানি বাবদ ১৯ লাখ ২৭ হাজার ২২ টাকা আদায় হয়েছে, যা লক্ষ্যমাত্রার ১০১ দশমিক ২২ শতাংশ। চান্দিনা ভিটি নবায়ন বাবদ ৫ লাখ ৯৬ হাজার টাকা আদায় হয়েছে, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০২ শতাংশ। একই সময়ে পরিচালিত মোবাইল কোর্টের মাধ্যমে অর্থদণ্ড হিসেবে ৮ লাখ ৮৬ হাজার ৮০০ টাকা সরকারি কোষাগারে জমা হয়েছে। ভূমি অফিসের কর্মকর্তারা জানান, অনলাইনের মাধ্যমে পরিশোধিত নামজারি ফি, খতিয়ান সংশোধন ফি, সার্টিফায়েড খতিয়ানের কপি সংগ্রহের ফি এবং অন্যান্য সরকারি সেবার রাজস্ব যুক্ত করলে মোট আদায়ের পরিমাণ প্রায় ২ কোটি টাকায় পৌঁছেছে। এ বিষয়ে গৌরনদী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদী হাসান বলেন, “এই অর্জন শুধু ভূমি অফিসের নয়, এটি গৌরনদীবাসীর সচেতনতা ও আন্তরিক সহযোগিতারও প্রতিফলন। আমরা ভূমি সেবাকে আরও স্বচ্ছ, জবাবদিহিমূলক ও জনবান্ধব করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছি। ডিজিটাল সেবা সম্প্রসারণের ফলে সাধারণ মানুষ ঘরে বসেই ভূমি উন্নয়ন করসহ বিভিন্ন সরকারি ফি পরিশোধ এবং ভূমি-সংক্রান্ত নানা সেবা গ্রহণ করতে পারছেন।” তিনি আরও বলেন, “সরকারের নির্দেশনা অনুযায়ী ভূমি প্রশাসনকে আধুনিক, সেবামুখী ও জনগণের আস্থার প্রতিষ্ঠানে পরিণত করতে আমরা সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করছি। ভবিষ্যতেও দুর্নীতিমুক্ত, হয়রানিমুক্ত ও প্রযুক্তিনির্ভর ভূমি সেবা নিশ্চিত করার পাশাপাশি সবাইকে সময়মতো ভূমি উন্নয়ন কর ও অন্যান্য সরকারি ফি পরিশোধের মাধ্যমে সরকারের রাজস্ব বৃদ্ধিতে সহযোগিতা করার আহ্বান জানাই।” উল্লেখ্য, এ সাফল্য অর্জনের পর গৌরনদী উপজেলা ভূমি অফিসের পক্ষ থেকে এক শুভেচ্ছা বার্তায় গৌরনদীবাসীর প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্টদের মতে, নিয়মিত রাজস্ব আদায় কার্যক্রম, ডিজিটাল ভূমি সেবার সম্প্রসারণ, কার্যকর তদারকি এবং জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের ফলেই চলতি অর্থবছরে এই উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে।

চরফ্যাশনে চার ডায়াগনস্টিক

নবায়ন না করা, স্বাস্থ্যসেবার জন্য প্রয়োজনীয় মানসম্মত পরিবেশ বজায় না রাখা এবং বিভিন্ন অনিয়মের অভিযোগে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জরিমানা করা হয়েছে। তিনি আরও জানান, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে দ্রুত লাইসেন্স নবায়ন এবং স্বাস্থ্যসেবা প্রদানের উপযোগী পরিবেশ নিশ্চিত করার নির্দেশনা দেওয়া হয়েছে। ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি। অভিযানে চরফ্যাশন সরকারি হাসপাতালের চিকিৎসক এবং চরফ্যাশন থানার পুলিশ সদস্যরা সহযোগিতা করেন।

টেন্ডার ছাড়াই বিদ্যালয়ের

আনুমানিক ২০ হাজার টাকা। এ নিয়ে এলাকাবাসী, অভিভাবক ও ব্যবস্থাপনা কমিটির সদস্যদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। ব্যবস্থাপনা কমিটির সদস্যরা এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে জানিয়েছেন বলে জানান। ঘটনার সঙ্গে জড়িত প্রধান শিক্ষকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান তারা। গাছ কাটার বিষয়ে প্রধান শিক্ষক নিপা আক্তারের মোবাইলে কল দিয়ে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি তা রিসিভ করেননি। উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো. রফিকুল ইসলাম বলেন, প্রধান শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ পাঠানো হয়েছে। পরবর্তীতে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। ইউএনও মুহাম্মদ জাফর আরিফ চৌধুরী বলেন, বিষয়টি জেনেছি; তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে গাছ

ডেফুলিয়া বাজারের ব্যবসায়ী ও ধর্মাদী এলাকার বাসিন্দা মো. তোফাজ্জল হোসেন জানান, ডেফুলিয়া মৌজার ২৪৫ বিএস খতিয়ানের ৯ শতাংশ জমি নিয়ে আদালতে মামলা বিচারাধীন রয়েছে। এছাড়া বিরোধপূর্ণ ওই সম্পত্তিতে কোনো পক্ষই যাতে কোনো ধরনের কাজ করতে না পারে, সে বিষয়ে আদালতের নিষেধাজ্ঞা (৪৪ ধারা) বলবৎ রয়েছে। এরপরও স্থানীয় বিএনপি নেতা রফিকুল ইসলাম শিকদার ও নাসির উদ্দিন তাদের প্রভাব খাটিয়ে জমিতে থাকা চার থেকে পাঁচটি গাছ কেটে ফেলেছেন বলে অভিযোগ করেন তিনি। তোফাজ্জল হোসেন দাবি করেন, জমিটি তাদের পৈত্রিক সম্পত্তি। প্রায় ৩০ বছর আগে সেখানে একটি ক্লাবঘর থাকলেও গত ২০-২৫ বছর ধরে এর কোনো অস্তিত্ব নেই। এখন ক্লাবের নাম ব্যবহার করে বিরোধপূর্ণ জমি দখলের চেষ্টা করা হচ্ছে বলে তিনি অভিযোগ করেন। এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিত করতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন তিনি। তবে অভিযোগ অস্বীকার না করে অভিযুক্ত রফিকুল ইসলাম শিকদার বলেন, ওই স্থানে আগে তাদের একটি ক্লাবঘর ছিল। সাংগঠনিক দুর্বলতার কারণে ক্লাবটির কার্যক্রম বন্ধ হয়ে যায় এবং ঘরটিও আর নেই। বর্তমানে স্থানীয় সংসদ সদস্য এ্যাডঃ মজিবুর রহমান সরোয়ারের নির্দেশে নতুন করে ক্লাবঘর নির্মাণের প্রস্তুতির অংশ হিসেবেই গাছগুলো কাটা হয়েছে বলে তিনি দাবি করেন। এদিকে স্থানীয় কয়েকজন বাসিন্দার অভিযোগ, রাজনৈতিক প্রভাব খাটিয়ে জোরপূর্বক গাছগুলো কেটে আত্মসাতের উদ্দেশ্যেই এ ঘটনা ঘটানো হয়েছে। বরিশাল এয়ারপোর্ট থানার এএসআই আব্দুল হালিম জানান, আদালতের নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও গাছ কাটার অভিযোগ পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে যায়। সেখানে উভয় পক্ষকে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার নির্দেশনা দিয়ে নোটিশ প্রদান করা হয়েছে। তিনি বলেন, আগামী ৭ অক্টোবর ২০২৬ মামলার পরবর্তী শুনানির দিন ধার্য রয়েছে। আদালতের চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত বিরোধপূর্ণ ওই সম্পত্তিতে কোনো পক্ষই কোনো ধরনের কাজ করতে পারবে না। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ পরিস্থিতির ওপর নজরদারি অব্যাহত রেখেছে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০২ জুলাই ২০২৬ ॥ ১৭ আষাঢ় ১৪৩৩

রেমিট্যান্সে নতুন ইতিহাস, অর্থবছরে এলো রেকর্ড ৩৫.৫৬ বিলিয়ন ডলার

কীর্তনখোলা ডেস্ক
রেকর্ড দিয়ে শেষ হলো ২০২৫-২৬ অর্থবছর। এই অর্থবছরে দেশের ইতিহাসে সর্বোচ্চ ৩৫ দশমিক ৫৬ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স এসেছে। বুধবার (১ জুলাই) বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। বাংলাদেশ ৩ এর পাতায় দেখুন

ব্যাংক থেকে ব্যাংকে টাকা লেনদেনের ফি নির্ধারণ

কীর্তনখোলা ডেস্ক
ব্যাংক থেকে ব্যাংকে টাকা লেনদেনের ফি নির্ধারণ করে সার্কুলার জারি করেছে বাংলাদেশ ব্যাংক। বুধবার (১ জুলাই) কেন্দ্রীয় ব্যাংক থেকে এ সার্কুলার জারি করে। এতে বলা হয়, এনপিএসবির (NPSB) মাধ্যমে সম্পাদিত লেনদেন এবং ৩ এর পাতায় দেখুন

৩০ জুনেও চালু হলো না পিরোজপুর ২৫০ শয্যার হাসপাতাল

পিরোজপুর প্রতিনিধি
আবারও পিছিয়ে গেলো বহুল কাঙ্ক্ষিত পিরোজপুর ২৫০ শয্যার জেলা হাসপাতালের উদ্বোধন। ৩০ জুন লিফট ছাড়াই চালু হওয়ার কথা ছিল হাসপাতালটি। কিন্তু নির্দিষ্ট এই তারিখে উদ্বোধন না হওয়ায় চিকিৎসা প্রত্যাশীদের ভেতরে দেখা দিয়েছে তীব্র ক্ষোভ। এর আগে এপ্রিল মাসেও লিফ্?ট ছাড়া উদ্বোধনের একটি ডেট ছিল কিন্তু তখনও নির্দিষ্ট সময় তা করতে পারেনি কর্তৃপক্ষ। জুনে দ্বিতীয় দফায়ও উদ্বোধন করতে ব্যর্থ হয়। এবারে পর্যাপ্ত ফার্নিচারের অভাবে নির্দিষ্ট সময়ে উদ্বোধন করা সম্ভব হচ্ছে না বলে জানায় কর্তৃপক্ষ। দ্রুত হাসপাতালটি উদ্বোধন করে সাধারণ মানুষের উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করার দাবি স্থানীয়দের। হাসপাতালটি চালু হলে জেলার বহু মানুষ আধুনিক ও উন্নত চিকিৎসা সেবার সুযোগ পাবে কিন্তু পর্যাপ্ত ফার্নিচারের অভাবে নির্দিষ্ট সময়ে উদ্বোধন করা সম্ভব হচ্ছে না বলে জানিয়েছেন জেলা সিভিল সার্জন কর্মকর্তা। ৩ এর পাতায় দেখুন

ত্রাণের ২০ পার্সেন্ট না পেয়ে ইউপি কর্মকর্তাকে পেটালেন ছাত্রদল নেতা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের মুলাদীতে ইউনিয়ন পরিষদের মধ্যে প্রশাসনিক কর্মকর্তাকে মারধর ও গুলি করে হত্যার হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে ছাত্রদল নেতার বিরুদ্ধে। মঙ্গলবার (৩০ জুন) বেলা দেড়টার দিকে উপজেলার মুলাদী সদর ইউনিয়ন পরিষদে এই ঘটনা ঘটে বলে থানায় অভিযোগ করা হয়েছে। ইউপি পরিষদ সূত্রে জানা গেছে, নদীভাঙন কবলিত অসহায় মানুষের জন্য সরকারি ত্রাণের চাল বিতরণের তালিকা প্রস্তুত করার সময় ৬ নম্বর মুলাদী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা (সচিব) মো. জাকির হোসেন সিকদারকে তার কার্যালয়ে ঢুকে মারধর, অকথ্য ভাষায় গালিগালাজ এবং প্রকাশ্যে গুলি করে হত্যার হুমকি দেওয়া হয়। উপজেলা ছাত্রদলের সদস্যসচিব বেল্লাল হোসেন ৩ এর পাতায় দেখুন

স্ত্রীকে ভিডিও কলে রেখে প্রাণ দিলেন স্বামী!

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদ উপজেলার এক যুবক ঢাকায় ভাড়া বাসায় গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। পরিবারের দাবি, ঘটনার সময় তিনি স্ত্রীর সঙ্গে ভিডিও কলে যুক্ত ছিলেন। এ ঘটনায় স্ত্রীর বিরুদ্ধে পরকীয়ার অভিযোগ এবং দাম্পত্য কলহের বিষয়টি সামনে এসেছে। নিহত সজল কুমার দেউরী উপজেলার বলদিয়া ইউনিয়নের কাটাপিঠানিয়া গ্রামের বাসিন্দা স্বপন কুমার দেউরীর ছেলে। তিনি ঢাকার একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন। পরিবারের সদস্যরা জানান, মঙ্গলবার সকালে ঢাকার ভাড়া বাসায় সিলিং ফ্যানের সঙ্গে গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেন সজল। ঘটনার সময় তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে স্ত্রীর ৩ এর পাতায় দেখুন

বিষখালী নদীর ভাঙন রোধে দুই হাজার কোটি টাকা বরাদ্দ

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুর উপজেলার বিষখালী নদী তীরবর্তি ২২ কিলোমিটার এলাকা ভাঙনরোধে (২ হাজার) কোটি টাকা বরাদ্দ দিয়েছে পানি সম্পদ মন্ত্রণালয়। ভাঙনের মুখে ৫টি শিক্ষা প্রতিষ্ঠান, আবাসিক ও ফসলী জমি হুমকিতে রয়েছে। ভাঙ্গন কবলিত নদীর তীর পরিদর্শন করেন ঝালকাঠি-১ ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে বাড়ছে ডেঙ্গু রোগী ১ মাসে ২৮ জন, ভর্তি ৭ জন

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে উদ্বেগজনক হারে বাড়ছে ডেঙ্গু রোগীর সংখ্যা। বুধবার (১ জুলাই) কাউখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে দেখা যায়, বর্তমানে ৭ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছেন। তাদের মধ্যে ৪ জন পুরুষ ও ৩ জন নারী রয়েছেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, গত এক মাসে হাসপাতাল থেকে মোট ২৮ জন ডেঙ্গু রোগী চিকিৎসা নিয়েছেন। এর ৩ এর পাতায় দেখুন

আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে গাছ কাটার অভিযোগ বিএনপি নেতাদের বিরুদ্ধে

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর ২৭ নম্বর ওয়ার্ডের সোনামিয়ার পুলের ডেফুলিয়া বাজারে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে বিরোধপূর্ণ জমির গাছ কাটার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপির দুই নেতার বিরুদ্ধে। বুধবার (১ জুলাই) সকালে ক্লাবের নামে জমি দাবি করে ওই জমিতে থাকা কয়েকটি গাছ কাটা হলে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে উভয় পক্ষকে আদালতের মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জমিতে কোনো ধরনের কার্যক্রম পরিচালনা না করার নির্দেশনা দেয়। অভিযোগকারী ৩ এর পাতায় দেখুন

এক ছড়ায় ঝুলছে ১২ কলার মোচা এলাকায় চাঞ্চল্য

ঝালকাঠি প্রতিনিধি
একটি কলা গাছে সাধারণত একটি মোচা হওয়ার কথা থাকলেও আশ্চর্যজনকভাবে ঝালকাঠির এক এলাকায় এক ছড়ায় ১২টি কলার মোচা ধরেছে। আর তা দেখতে বিভিন্ন এলাকার মানুষ ছুটে আসছেন। এ নিয়ে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। বুধবার (১ জুলাই) ঝালকাঠি শহরতলীর গাবখান ব্রিজসংলগ্ন রূপসীয়া গ্রামে এমন ব্যতিক্রমী ঘটনা ঘটেছে। এলাকাবাসী জানান, সড়কের পাশে গত বছর বেশকটি কলাগাছ রোপণ করেন স্থানীয়রা। সম্প্রতি ওই গাছগুলো থেকে একটি গাছে ছড়া দেখা দেয়। কিন্তু ও ছাড়ায় একটি মোচা হওয়ার কথা থাকলেও ঘটে বিস্ময়কর ঘটনা। একই ছড়া থেকে একে একে একটি দুটি নয়, ১২টি কলার মোচা বের হয়। আর তা নিয়ে রীতিমত গ্রাম ৩ এর পাতায় দেখুন

গৌরনদী ভূমি অফিসের রাজস্ব আদায়ে রেকর্ড সাফল্য

এস এম নয়ন, গৌরনদী
বরিশালের গৌরনদী উপজেলা ভূমি অফিস ২০২৫-২০২৬ অর্থবছরে সরকারি রাজস্ব আদায়ে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। ভূমি উন্নয়ন কর, ভিপি লিজ মানি, চান্দিনা ভিটি নবায়ন, মোবাইল কোর্টে আদায়কৃত অর্থদণ্ড এবং অনলাইনভিত্তিক বিভিন্ন ভূমি সেবার ফি মিলিয়ে প্রায় ২ কোটি টাকা সরকারি কোষাগারে জমা হয়েছে। ভূমি প্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং প্রযুক্তিনির্ভর সেবা ব্যবস্থার কারণে এ সাফল্য এসেছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। উপজেলা ভূমি অফিস সূত্রে জানা যায়, চলতি ৩ এর পাতায় দেখুন

কচুরিপানার নিচে সাড়ে ৩ ঘণ্টা লুকিয়েও রক্ষা পেল না চোর

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদী উপজেলায় চুরি করতে গিয়ে স্থানীয়দের ধাওয়া খেয়ে খালের কচুরিপানায় ঝাঁপ দেন সুজন হাওলাদার (৩২)। প্রায় সাড়ে তিন ঘণ্টা নাক বের করে লুকিয়ে থেকেও রক্ষা পাননি তিনি। শেষ পর্যন্ত গ্রামবাসী তল্লাশি চালিয়ে তাকে অসুস্থ অবস্থায় উদ্ধার করে। বুধবার (১ জুলাই) ভোর সাড়ে ৬টার দিকে কচুরিপানার ভেতরে নাক বের করে লুকিয়ে থাকা অবস্থায় তাকে খুঁজে বের করেন গ্রামবাসী। এর আগে, মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ৩টায় উপজেলার মাহিলাড়া ইউনিয়নের পূর্ব শরিফাবাদ গ্রামে এ ঘটনা ঘটে। আটক সুজন হাওলাদার (৩২) পার্শ্ববর্তী হাপানিয়া গ্রামের বাসিন্দা এবং জলিল হাওলাদারের ছেলে। স্থানীয় বাসিন্দা সজিব হাওলাদার জানান, রাত প্রায় ৩টার দিকে পূর্ব শরিফাবাদ গ্রামের ইউনুস হাওলাদারের দোকানের টিনের বেড়া কেটে ভেতরে প্রবেশ করে চুরি করছিল সুজন। এ সময় স্থানীয়দের নজরে পড়লে তারা চিৎকার শুরু করেন। ধাওয়া খেয়ে পালানোর সময় দোকানের পাশের একটি খালে ঝাঁপ দিয়ে কচুরিপানার মধ্যে আত্মগোপন করেন তিনি। স্থানীয় সূত্র জানায়, দীর্ঘ ৩ এর পাতায় দেখুন

প্রশাসনের নিষেধাজ্ঞার পরও ইজারাবিহীন বাজারে চাঁদা আদায়

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিনে সরকারি ইজারা না থাকা সত্ত্বেও বাজার থেকে 'খাজনা'র নামে অবৈধভাবে চাঁদা আদায়ের অভিযোগ উঠেছে। স্থানীয়দের দাবি, প্রশাসনের দেওয়া নিষেধাজ্ঞা উপেক্ষা করে সম্প্রতি স্থানীয় এক বিএনপি নেতা পুনরায় অর্থ উত্তোলন শুরু করেছেন। এ ঘটনায় উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে লিখিত অভিযোগ দিয়েছেন ইসলামী ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় ৩০ কি.মি. জুড়ে এলাকাবাসীর অবস্থান

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় ৯ দফা দাবিতে ৩০ কিলোমিটারজুড়ে মানববন্ধন করেছেন এলাকাবাসী। বুধবার (০১ জুলাই) সকাল ১০টা থেকে কলাপাড়া উপজেলা সীমান্তের ছয়লেন সড়ক থেকে কুয়াকাটা সমুদ্র সৈকত পর্যন্ত প্লেকার্ড হাতে এ মানববন্ধন করেন তারা। এসময় কুয়াকাটা-ভাঙ্গা ৬ লেন মহাসড়ক নির্মাণ, পায়রা বন্দরকে পূর্ণাঙ্গভাবে চালু ও বরিশাল-ভোলা সেতু নির্মাণসহ ৩ এর পাতায় দেখুন

টেন্ডার ছাড়াই বিদ্যালয়ের গাছ কাটলেন প্রধান শিক্ষক

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলীতে কমিটির রেজুলেশন ও টেন্ডার ছাড়াই বিদ্যালয়ের গাছ কাটার অভিযোগ উঠেছে প্রধান শিক্ষকের বিরুদ্ধে। ব্যবস্থাপনা কমিটির সদস্য ও অভিভাবকদের অভিযোগ, বিদ্যালয়টির প্রধান শিক্ষক নিপা আক্তার নিজে দাঁড়িয়ে থেকে স্থানীয় লেবার দিয়ে ৬-৭টি মেহগনি গাছ কাটিয়েছেন। এ বিষয়ে তদন্ত সাপেক্ষে দায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন এলাকাবাসী। সরেজমিনে দেখা গেছে, উপজেলার গুলিশাখালী ইউনিয়নের ডালাচারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বড়-মাজারি আকারের মেহগনিসহ ৭টি গাছ কেটে ফেলে রাখা হয়েছে। তবে পরে ঘটনা ধামাচাপা দিতে কাটা গাছগুলো সরিয়ে ফেলা হয়েছে বলে খবর পাওয়া গেছে। স্থানীয়রা বলেন, কেটে ফেলা গাছগুলোর মূল্য ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে চার ডায়াগনস্টিক সেন্টারে জরিমানা

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশনে লাইসেন্স নবায়ন না করা এবং স্বাস্থ্যসেবার জন্য প্রয়োজনীয় পরিবেশ নিশ্চিত না করায় চারটি বেসরকারি ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিককে মোট ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। বুধবার (১ জুলাই) উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. এমাদুল হোসেনের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে জরিমানা করা হয়। জরিমানাকৃত প্রতিষ্ঠানগুলো হলো- নিউ পপুলার ডায়াগনস্টিক সেন্টার, মমতা ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার, নিউ আদ্-দ্বীন হাসপাতাল ও ক্লিনিক এবং বিসমিল্লাহ ডায়াগনস্টিক সেন্টার। নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. এমাদুল হোসেন জানান, লাইসেন্স ৩ এর পাতায় দেখুন

বিএনপির শোডাউনে হামলার মামলায় শিবির নেতা গ্রেফতার

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে বিএনপির মোটরসাইকেল শোডাউনে হামলার ঘটনায় দায়ের করা মামলায় উপজেলার দাশপাড়া ইউনিয়ন ছাত্রশিবিরের সভাপতি ইমরান হোসেনকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার (৩০ জুন) সন্ধ্যায় উপজেলার কালাইয়া বন্দরের নিজ বাসার সামনে থেকে তাকে গ্রেপ্তার করা হয়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত শনিবার (২৭ জুন) রাতে উপজেলার দাশপাড়া ইউনিয়নের বাসস্ট্যান্ড এলাকায় বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের উদ্যোগে আয়োজিত একটি মোটরসাইকেল শোডাউনে হামলার ঘটনা ঘটে। হামলায় যুবদল ও ছাত্রদলের অন্তত ১০ জন নেতাকর্মী আহত হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এ সময় শোডাউনে অংশ নেওয়া ৩ এর পাতায় দেখুন

র‌্যাবের হাতে গ্রেপ্তার ডাকাত বাচ্চু সরদার

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলের আদাবড়িয়া এলাকায় সংঘটিত ডাকাতির ঘটনায় বাচ্চু সরদারকে গ্রেপ্তার করেছে র‌্যাব-৮। মঙ্গলবার (৩০ জুন) রাতে বরিশাল সদর কোতোয়ালি থানা এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। বাচ্চু সরদার (৩৫) বাউফল উপজেলার কালাইয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের আয়নাবাজ এলাকার মো. আলম সরদারের ছেলে। র‌্যাব ও পুলিশ সূত্রে জানা গেছে, গত বছরের ২৪ আগস্ট বাউফলের আদাবড়িয়া এলাকায় ডাকাতির ঘটনা ঘটে। ওই ঘটনায় বাউফল থানায় একটি মামলা করা হয়। বাচ্চু সরদার ওই মামলার এজাহারনামীয় অন্যতম আসামি। দীর্ঘদিন পলাতক থাকার পর গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার রাত ৯টার দিকে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে র‌্যাব-৮ এর সদস্যরা। বাউফল থানার ওসি সিরাজুল ইসলাম বলেন, র‌্যাবের অভিযানে ডাকাতি মামলার আসামি গ্রেপ্তারের বিষয়টি আমরা জেনেছি। আসামিকে বাউফল থানায় নিয়ে আসার জন্য পুলিশ টিম পাঠানো হয়েছে।

ট্রলিচাপায় মাদরাসাছাত্রী নিহত মরদেহ নিয়ে সহপাঠীদের বিক্ষোভ

চরফ্যাশন প্রতিনিধি
ভোলায় পরীক্ষা দিতে যাওয়ার পথে মালবাহী ট্রলিচাপায় এক মাদরাসাছাত্রীর মৃত্যু হয়েছে। এ ঘটনায় নিহত শিক্ষার্থীর মরদেহ নিয়ে বিক্ষোভ করেছে তার সহপাঠীরা। নিহতের নাম লিয়া আক্তার (১৫)। সে ভোলার চরফ্যাশন উপজেলার শশীভূষণ থানা এলাকার হাজারীগঞ্জ ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের সফিকুল ইসলামের মেয়ে ও স্থানীয় চেয়ারম্যান বাজার ইসলামিয়া আলিম মাদরাসার দশম শ্রেণির শিক্ষার্থী। বুধবার (১ জুলাই) সকালের দিকে হাজারীগঞ্জ ইউনিয়নের চেয়ারম্যান বাজার-শশীভূষণ সড়কে জলিল মাঝির বাড়ির সামনে এঘটনা ঘটে। নিহতের স্বজন ও স্থানীয়রা জানান, মাদরাসার পরীক্ষা দিতে সকাল সাড়ে ৯টার দিকে বাড়ি ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com